Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 47 ■ 30th November 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- রাজ্য পরিবহণ নিগমে ৬৩ ক্যাশিয়ার, সুপারভাইজর
- ই.এস.আই'য়ে ৮৬ নার্স ● ১৬ ক্লার্ক ও শিক্ষক
- গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে ১৭ পিওন, অ্যাসিস্ট্যান্ট
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'পোস্টাল অ্যাসিসট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট', লোয়ার ডিভিশন ক্লার্ক', কোর্ট ক্লার্ক ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে প্রায় ৫ হাজার জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'পোস্টাল অ্যাসিস্ট্যান্ট / সর্টিং অ্যাসিস্ট্যান্ট', 'লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'কোর্ট ক্লার্ক' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর' পদের জন্য আবেদন করতে পারেন।

সব পদের বেলায়ই উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের এরপর ৭ পাতায়

## রাজ্য পুলিশে ১২৫ অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

পশ্চিমবঙ্গ সরকারের ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড সিভিল ডিফেন্সে কাজের জন্য 'স্টাফ অফিসার কাম ইন্সট্রাক্টর' পদে ১২৫ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৬৭ (তপশিলী উপজাতি, গোর্খা হলে ১৬০) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি (তপশিলী উপজাতি ও গোর্খা হলে বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি) আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (গোর্খা, রাজবংশী ও তপশিলী উপজাতি হলে ১৫২) সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা ও শিরাস্ফীতি হলে আবেদনের যোগ্য নন। এরপর ৮ পাতায়

## ১৮৩ জুনিয়র ইঞ্জিনিয়ার ও ম্যানেজার মেট্রো রেলে

উত্তর প্রদেশ মেট্রো রেল কর্পোরেশন 'জুনিয়র ইঞ্জিনিয়ার / সিভিল', 'জুনিয়র ইঞ্জিনিয়ার / ইলেক্ট্রিক্যাল', 'জুনিয়র ইঞ্জিনিয়ার /এস অ্যান্ড টি', 'পাব্লিক রিলেশন্স অ্যাসিস্ট্যান্ট,', অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ১৮৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন এরপর ৯ পাতায়

পি.এস.সি'র অডিট পরীক্ষার মাধ্যমে

## ৭০ অ্যাকাউন্টস অফিসার ও অডিটর

পশ্চিমবঙ্গ সরকারের 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস'এ কাজের জন্য ৭০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও আবেদন করার যোগ্য। এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য। কম্পিউটারে কাজ করায় জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, এরপর ৭ পাতায়

## মেট্রো রেলে ১২৩ অ্যাপ্রেন্টিস

কলকাতা মেট্রো রেল 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১২৩ জন লোক নিচ্ছে। কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, মেশিনিস্ট, প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। প্লাম্বার ট্রেড ২ বছরের ও অন্যান্য ট্রেড ১ বছরের। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : এরপর ১৫পাতায়

ভর্তির শেষ সুযোগ

ফার্মাসি কোর্স করে প্রচুর চাকরি ও স্বনির্ভরতার সুযোগ

ফার্মাসি কোর্স পাশ ছেলেমেয়েরা এক মুহূর্তও বসে থাকে না। সরকারি ক্ষেত্রে প্রতি বছর প্রচুর ফার্মাসিস্ট নিয়োগ হয়। ফার্মাসি পাশ করার সঙ্গে সঙ্গেই তারা সরকারি চাকরি পেয়ে যায় অথবা ওষধের দোকান খুলে স্বচ্ছলভাবে জীবনযাপন করে। আর এই ফার্মাসি কোর্স করার নির্ভরযোগ্য ও বিশ্বস্ত প্রতিষ্ঠান হল কল্যাণী রিলায়েবল। ১২ বছর ধরে এখান থেকে গাইড নিয়ে আজ বহু ছাত্রছাত্রী সুপ্রতিষ্ঠিত।

Admission Guidance

D-Pharm, B-Pharm
M-Pharm, Pharm-D

Approved by PCI, W.B & Various State Govt.

যোগ্যতা : H.S (Science), No Age Limit

শুধুমাত্র ফার্মাসির জন্য ফোন করুন এই নম্বরে : 9330161567

এছাড়াও নার্সিং কোর্সে কিছু কলেজে কিছু সীটে শেষ মুহূর্তে ভর্তি চলছে।

GNM & B.Sc নার্সিং

Approved by various State Govt. & Council

ছেলে ও মেয়ে উভয়েই পড়াশুনা করে একজন Nursing Personel হিসাবে নিজের ভবিষ্যৎকে উজ্জ্বল করে তুলুন।

যোগ্যতা : H.S (যে কোনো শাখার), Above : 40% Marks, Age : 17–35 Yrs. (M/F Both)

বিশাল সুযোগ : এ রাজ্যের বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্যারামেডিক্যালের নানান চাকরিমুখী কোর্সে ভর্তি শুরু হয়েছে। ফোন : 8017811251

বিস্তারিত জানতে : কল্যাণী রিলায়েবল

ISO 9001 : 2015 Institute

H.O : কল্যাণী —

7003007707, 9007309541

দমদম ক্যান্টনমেন্ট : 6289763282, কুলগাছিয়া (হাওড়া) : 9674041585

পাঁশকুড়া : 6290418814, রাজনগর (বীরভূম) : 9775714382

বিস্তারিত জানতে হোয়াটস অ্যাপ : 8017811251

## ১৪৬ টেকনিশিয়ান

কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার কলকাতা র' মেটেরিয়ালস ডিভিশন অপারেটর-কাম-টেকনিশিয়ান-ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি), সার্ভেয়র, মাইনিং মেট, নার্সিং সিস্টার পদে১৪৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অপারেটর কাম টেকনিশিয়ান (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪০%) নম্বর পেয়ে পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৬,৮০০-২৪,১১০ টাকা। শূন্যপদ : ১৭টি। এর মধ্যে এরপর ৮ পাতায়

স্বাস্থ্য দফতরে ১৭ কাউন্সেলর ভেতরের পাতায়

## পুরসভায় ৫০ মজদুর

বরানগর পুরসভা মজদুর পদে ৫০ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে এরপর ৪ পাতায়

## এয়ারপোর্টে ২৮৩ মাল্টি টাস্কার

এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার কার্গো লজিস্টিক্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কোম্পানি লিমিটেড 'মাল্টিটাস্কার্স' পদে ২৮৩ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ইংরিজি, হিন্দি এরপর ৮ পাতায়

সরকারি হাসপাতালে নার্সিং (GNM ও B.Sc.) ট্রেনিং দিয়ে চাকরি, স্কলারশিপ ও এডুকেশন লোন

ভর্তির শেষ সুযোগ 2019-20 সেশনে

যোগ্যতা : উচ্চমাধ্যমিক / গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট / কলেজ পাঠরত ছেলে ও মেয়েরা আবেদনযোগ্য

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ তথা বেসরকারী স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স' ও 'অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন — আদার স্টেট' এর যৌথ উদ্যোগে ১৭০০ ছেলে ও মেয়েকে GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং ও সরাসরি কাউন্সিলিং এর মাধ্যমে ভর্তি শুরু হয়েছে।

বিশেষত্ব : কোর্সগুলি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অফ গভঃ স্বীকৃত যাহা সরকারী ও বেসরকারী চাকুরীতে ১০০% মান্যতাপ্রাপ্ত। নিজস্ব কলেজ ক্যাম্পাসে থাকা-খাওয়া, ক্লাস ও প্র্যাকটিক্যালের সুবিধা। সরকারী হাসপাতালে প্র্যাকটিক্যাল / ক্লিনিক্যাল এর ব্যবস্থা। শিক্ষান্তে ক্যাম্পাসিং বা নিশ্চিত চাকরির তথা স্কলারশিপের ব্যবস্থা।

বিশেষ দ্রষ্টব্য : আমাদের গ্রুপ অফ ইনস্টিটিউশন থেকে বহু ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্ত সরকারী ও বেসরকারী হাসপাতালে কর্মরত।

ভর্তির আবেদন করতে / আবেদনপত্র পেতে / ভর্তি বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন :

'ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিকেল সায়েন্স'

(Govt. Regd.- ISO 9001 : 2015 Certified)

কোলকাতা : 41P, Palm Avenue, Kolkata- 700019

033-40661266, 8116131802, 8145960410,

বারাসাত (হসপিটালের কাছে) : 8972046553,

বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) : 7450978001,

বর্ধমান (হসপিটাল / G.T. রোড) : 7319013461



MALE নার্সিং-এ GNM / BSC নার্সিং সরাসরি ভর্তি

MBBS বাংলাদেশ

Call @ 9830687078

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

## ১৫ ওয়ার্ড মাস্টার

পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দফতরে কাজের জন্য ওয়ার্ড মাস্টার গ্রেড-।।। পদে ১৫ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এরপর ৪ পাতায়

## ৩৪ কৃষি অফিসার

রাজ্য সরকারের অ্যাগ্রিকালচারাল সার্ভিস (রিসার্চ)-এ কাজের জন্য বিভিন্ন পদে ৩৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রিকালচারাল কেমিস্ট / অ্যানালিটিক্যাল কেমিস্ট /জুনিয়র সয়েল সায়েন্টিস্ট :** অ্যাগ্রিকালচারের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা কেমিস্ট্রি, এরপর ৪ পাতায়

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয় :
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩


## স্কুল-কলেজ-শিক্ষা

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**Math ও GI, হাবড়া**
Rail, CGL, 10+2, WBCS Misc, KP, WBP, 8 বাহিনী, প্রানদীপ মন্ডল- 9733904799
SH

**WBCS & Combined**
কোর্সে ভর্তি চলছে। মাসিক ফিজ। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm)
MS

## কর্মখালি

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073.
SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)


**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।


## স্কুল-কলেজ-শিক্ষা

**PSC, RAIL, IBPS, SSC**
Above 80% success for Govt. Service. Mrs. Maity, Ph : 9874121627.
SH (S)

**WBCS-20 ফ্রী মকটেস্ট**
WBCS, কম্বাইন্ড ব্যাচে ভর্তি চলছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898.
R

**নেতাজি ওপেন-এর**
অ্যাসাইনমেন্ট-এর উত্তর, সাজেশন, প্রিন্টেড নোটস, রেফারেন্স বুক। সমস্ত জেলায় হোম ডেলিভারি। শিয়ালদহ অফিস-9233121214. বিনামূল্যে ফ্রাঞ্চাইজি ব্রাঞ্চ নিন। www.ambitioninstitute.info
SH

**নার্সিং ভর্তি ! ! !**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296.
SH

**কলেজস্ট্রীট ও চুঁচুড়া**
মাসিক মাহিনায় কোচিং। CGL, RL, WBCS, BANK, TET & COMB. শাখা : নৈহাটি, মগড়া (হুগলি)। Ph.- 8017947874
SH

GNM B.Sc নার্সিং ব্যাঙ্গালোর D.El.Ed, B.Ed, B.P.Ed- W.B. Ph.D, M.Phil, M.Ed- M.P., LLB, M.P.Ed, Engg. ফার্মেসী। এছাড়া যে কোন কোর্স রেগুলার : ডিস্টেন্সে হয়। BIHM, বোলপুর - 7001731491, মালদা - 9641350551.
UM

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M / F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)

**দমদম Airport ও মেট্রোতে 48 জন কর্মী চাই।**
সরাসরি কন্ট্রাকটরের অধীনে বিনা ডোনেশনে 5দিনে স্পট জয়েনিং। যোগ্যতা ৮ম- স্নাতক, বেতন- 16,850-48,850. PF, ESI সহ থাকা খাওয়া ফ্রি। M- 9732038226.
SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত Airport মেট্রো ও Pvt ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে M/ F কর্মী চাই। যোগ্যতা-৮ম/ স্নাতক। বেতন-16,700/-47,300, অন্যান্য সুবিধা। Ex আর্মির বিশেষ ছাড়। M- 9732036558.
SA(A)

**এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টারের অধীনে স্থায়ী জব**
সরাসরি M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম- স্নাতক বেতন ১৬৭০০/- ৪৬২০০/- বিভিন্ন অফিসিয়াল ও গ্রাউন্ড স্টাফ পদে নিয়োগ। Ex আর্মি ম্যানদের সুবিধা। Mob-8906531858.
SA(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

**কেবলমাত্র ছাত্রীদের জন্য**
WBCS, PSC, SSC,WBP, K.P, ব্যাঙ্ক, রেল ইত্যাদি কোর্স করে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। পি মুখার্জী, হাওড়া শিবপুর (মন্দিরতলা) 8420414664, 6291911988.
SH(S)

**শিক্ষান্তে কাজের সুযোগ**
শ্রীরামকৃষ্ণ অভেদানন্দ মিশনে প্র্যাক্টিক্যাল-সহ ফিজিওথেরাপি কম্বাইন্ড কোর্স, সাথে প্র্যাকটিসের সুবিধা। M. 9903323761.
MS

**SSC- সংস্কৃত**
প্র্যাকটিসে গুরুত্ব দিয়ে SSC/NET/ WBCS (মেইনস) দমদমে পড়াই। Mob-8100002333.
SH(S)

**Math & Eng সোনারপুর**
WBCS, CGL, SSC, ক্লার্ক, Gr-D Rail, প্রাইমারী, পুলিশ S.I, LIC, D.G. 9836078507
SH

**HALDAR ACADEMY**
ISO 9001 : 2015 (certified)
LLB, D.Pharm
BCI & PCI Approved, W.B
D.El.Ed. WB, year save
B.Ed., B.P.Ed.
NCTE Approved, WB
BA, MA, B.Sc., M.Sc, B.Com., M.Com., মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক
9007313724
8348043505

**The Rising Institute**
Admission Open for –M.P & H.S (NIOS). Regular & Distance Courses: BA, MA, B.SC, M.SC, BBA, MBA, B.Com, M.Com, PGDCA, MCA, LLB, B.ED. SODEPUR : 8697020454.
R

**100 টাকায়**
PSC, CLERK, SI, RAIL কোচিং হয়। দুপুরে খাবার ও যাতায়াত ফ্রি। LPA-M: 7003966500
SH

ভূগোল SSC/NET/PSC- বাঁকুড়া, বেলঘরিয়া, দমদমে পড়াই। Unit Base Mock Test. কৌশিক স্যার- 9874037957.
SH(S)

**KOUSHIK SIR (MATH)**
Eng/GK/GI, WBCS (Mock Test), CGL, ICDS (Main), Rail, Bank, WB Police, PSC. Dum Dum - 8981921114
SA

## কর্মখালি

**"আর্জেন্ট ভ্যাকান্সি"**
গভঃ স্বীকৃত Airport ও মেট্রো ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 47 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। পদ : ক্লার্ক, SV., পিওন, গ্রাউন্ড স্টাফ, অন্যান্য। M : 8695726932
SA(A)

**Urgent vacancy**
**কাজের গ্যারান্টি, Govt.L.No-01265**
উঃবঙ্গ সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport, মেট্রো, BANK (DSA)সহ বিভিন্ন কোম্পানিতে যোগ্যতা ভিত্তিক M/F নিয়োগ চলছে।বেতন-(১০,২০০- ৩২,৫০০) OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন সহ থাকা-খাওয়া ফ্রি। M- 7872200301.
SA(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
কোর্সে জানুঃ সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। নার্সিং (ANM/DHN), E.C.G., DMLT (প্যাথোঃ), DPT (ফিজিওথেরাপি) ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। MRIT,শ্রীরামপুর 9231839309.
R

ভর্তি চলিতেছে : MP, HS, ডিগ্রি, মাস্টার্স, Ph.D., ফার্মাসি, নার্সিং, ITI, B.Tech, MBA, MBBS, B.Ed,D.El.Ed - 8420404660
R

**টিচার্স ট্রেনিং কলেজ**
মহিলারা প্রি-প্রাইমারি, মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্স করুন। 21, K.B. Bose Road, বারাসাত। KGTT, ফোন-25520177, 9836184712, 8622954332.
R

**Vision Institute**
B.Ed & M.Ed.
Ph.D, LLB, Pharmacy Engg. & Management
GNM, B.Sc নার্সিং
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা — 7603004974, 7603004973/1

**পি.কুণ্ডু MATH শেখাচ্ছেন**
আইডিয়ালে। WBCS, রেল, PSC, পুলিশ, আর্মির গ্যারান্টেড কোর্স। বারুইপুর, বারাসাতে মেস আছে। 9831757747, 8420235300
SH

NIOS থেকে 6 মাসে 60% সহ পাশ। নেতাজী বিশ্ববিদ্যালয় B.A, B.Sc, M.A, M,Sc এসাইনমেন্ট /সাজেশন সহ পাশ করুন। বর্ধমান/ কলকাতা- 9083395622.
MS

**প্যারামেডিকেল ও CMS & ED কোর্স**
CMS & ED (Allopathy), DRDP (ডেন্টাল), DRHP (হোমিও), DPT (ফিজিওথেরাপি), ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস-শনি ও রবি, কেরিয়ার একাডেমি অফ মেডিকেল। গড়িয়া স্টেশন রোড, ছোটবট তলা, কোলকাতা-84. 8272911322/ 7044716334
SA

## কর্মখালি

**URGENT VACANCY**
**জাহাজে চাকরি**
**সল্টলেক, কলি-৬৪**
সরকারি নিয়মানুযায়ী যোগ্যতার উপর নির্ভর করে জাহাজে ও বন্দর অঞ্চলে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা নামসই-স্নাতক, বেতন- 15400/-42600/-, 3 মাস ডিউটি করলে সবেতনে 32 দিন ছুটি + অন্যান্য সুবিধা। Ex-আর্মিদের বিশেষ অগ্রাধিকার। সায়ন দে (M) 9593603480.
SA(A)


All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## রাজ্য পরিবহণ নিগমে ৬৩ ক্যাশিয়ার, সুপারভাইজর

দক্ষিণবঙ্গ রাজ্য পরিবহণ নিগম ক্যাশিয়ার, মেকানিক্স, মেকানিক্যাল সুপারভাইজর, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) ও অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) পদে ৬৩ জন লোক নিচ্ছে। আই.টি.আই., গ্র্যাজুয়েট, ডিপ্লোমা বা, ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। কোন ট্রেডে কেমন শিক্ষাগত যোগ্যতা তা ওই ওয়েবসাইটে পাবেন। বয়স হতে হবে ১-১১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। চাকরি হবে ১ বছরের চুক্তিতে। শূন্যপদ : মেকানিক্স পদে ১৯টি ও পারিশ্রমিক মাসে ১১,৫০০ টাকা, ক্যাশিয়ার পদে ৭টি ও পারিশ্রমিক মাসে ১১,৫০০ টাকা, মেকানিক্যাল সুপারভাইজর পদে ৩৪টি ও পারিশ্রমিক মাসে ১৮,০০০ টাকা, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) ১টি ও পারিশ্রমিক মাসে ১৮,০০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) পদে ২টি ও পারিশ্রমিক মাসে ২৮,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 1/Rect-2019/ SBSTC/Date 19/11/2019. দরখাস্ত করবেন অনলাইনে, ৪ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://sbstc.co.in কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে ৭২ টেকনিশিয়ান

হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডে অপারেশন টেকনিশিয়ান ও বয়লার টেকনিশিয়ান পদে ৭২ জন লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.hindustanpetroleum.com দরখাস্ত করবেন অনলাইনে, ২১ ডিসেম্বরের মধ্যে।

## কলকাতা পুরনিগমে ৬ ম্যানেজার

কলকাতা পুরনিগমের অধীন কলকাতা এন.ইউ.এইচ.এম. সোসাইটি আর্বান হেলথ প্ল্যানিং অ্যান্ড মনিটরিং ম্যানেজার পদে ৬ জন লোক নিচ্ছে। এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.kmcgov.in

## গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে ১৭ জুনিয়র পিওন ও অ্যাসিস্ট্যান্ট

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় জুনিয়র পিওন ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ১৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র পিওন (গ্রুপ-ডি) :** ক্লাস এইট পাশ থেকে উচ্চমাধ্যমিক পাশ পর্যন্ত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো অফিসে পিওনের কাজে দক্ষতা থাকলে ভালো হয়। মূল মাইনে : ৫,৪০০-১৮,৬০০ টাকা ও গ্রেড পে ১,৮০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ২, জেনাঃ ই.সি. ৩, জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, তঃজাঃ ৩, তঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ই.সি. ১)।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। অফিস সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। মূল মাইনে : ৭,২০০-২৫,৪০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ই.সি. ১, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১)।

দুই পদের বেলায়ই বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 964/UGB/R-19, Dated-November 21, 2019.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.ugb.ac.in তখন সঙ্গে দেবেন : (ক) এখনকারা তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের ১ সেট স্ব-প্রত্যয়িত নকল আর ফর্মের ৫টি সেট, (গ) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ২০০ (সংরক্ষিত ক্যাটেগরি হলে ১৫০), জুনিয়র পিওন পদের বেলায় ১০০ (সংরক্ষিত ক্যাটেগরি হবে ৫০) টাকার ক্রসড ব্যাঙ্ক ড্রাফট। 'University of Gour Banga'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Malda'. দরখাস্ত-ভরা খামের ওপর পদের নাম, বিজ্ঞপ্তি নং ও ক্যাটেগরি উল্লেখ করবেন। পূরণ-করা দরখাস্ত জমা দেবেন ১৬ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Office of The Registrar, University of Gour Banga, P.O.- Mokdumpur, Dist. Malda, West Bengal - 732 103.

## ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে ১৬ ক্লার্ক ও শিক্ষক

ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ড লোয়ার ডিভিশন ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট টিচার ও স্টাফ নার্স গ্রেড-।। পদে ১৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের জন্য যোগ্য। ইংরিজি ও হিন্দিতে কথাবার্তা বলতে পারলে আর কম্পিউটারে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

উচ্চমাধ্যমিক পাশরা এন.সি.টি.ই.'র অনুমোদিত প্রতিষ্ঠান থেকে এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে 'অ্যাসিস্ট্যান্ট টিচার' পদের জন্য যোগ্য। বাংলা, হিন্দি ও ইংরিজিতে কথাবার্তা বলতে পারা আর কম্পিউটারে দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি, বেসিক বি.এসসি. নার্সিং বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরা 'স্টাফ নার্স গ্রেড-।।' পদের জন্য যোগ্য। নার্সিং কাউন্সিলে ফিমেল নার্স মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-২৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ ডিসেম্বর থেকে ৬ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.cbbarrackpore.org/recruitmentportal আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **সৌমিত্র দে।**

1. ভূমিকম্প উৎপন্ন করে —
(a) শ্রবণযোগ্য শব্দ (b) শব্দোত্তর শব্দ (c) শব্দেতর শব্দ (d) কোনোটিই নয়

2. পরীক্ষামূলকভাবে দেখা গেছে যে 0°C-এ বায়ুতে শব্দের বেগ প্রায় —
(a) 332 m/s (b) 442 m/s (c) 1080 m/s (d) শূন্য

3. সম্প্রতি US-India IP dialogue ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?
(a) দিল্লি (b) মুম্বই (c) ওয়াশিংটন ডি সি (d) চেন্নাই

4. সম্পৃক্ত বাষ্পকে অসম্পৃক্ত করার উপায় —
(a) আয়তন বাড়ানো (b) চাপ কমানো (c) উষ্ণতা বাড়ানো (d) সবগুলি ঠিক

5. সম্প্রতি কোন ভারতীয় চলচ্চিত্র 'Asian Academy Creative Awards' পেল?
(a) দসেরা (b) গালি বয় (c) ঠগস অফ হিন্দুস্তান (d) অন্ধাধুন

6. 0°C থেকে 4°C তাপমাত্রা প্রসারের মধ্যে জলের আয়তন —
(a) বাড়ে (b) কমে (c) উভয়ই (d) একই থাকে

7. হাসিম থাসি কোন দেশের রাষ্ট্রপতি?
(a) কসোভো (b) কেনিয়া (c) সুদান (d) দক্ষিণ কোরিয়া

8. সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী ভারতের প্রতিরক্ষা ক্ষেত্রে রফতানি কী হারে বাড়ল?
(a) 5 গুণ (b) 6 গুণ (c) 7 গুণ (d) 8 গুণ

9. বায়ুর আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ 80% থেকে কমে 60% হলে কী হয়?
(a) আরাম অনুভূত হয় (b) ঘামজনিত অস্বস্তি বেড়ে যায় (c) গরম বেশি লাগে (d) উষ্ণতা 80°C থেকে 60°C হয়

10. 2019 সালে 'Sultan of Johor Cup'এ কোন দেশ চ্যাম্পিয়ন হয়েছে?
(a) আয়ারল্যান্ড (b) ভারত (c) ইংল্যান্ড (d) গ্রেট ব্রিটেন

11. ব্যতিক্রান্ত প্রসারণ দেখা যায় —
(a) পারদের (b) কেরোসিনের (c) গ্লিসারিনের (d) জলের

12. 2019 সালে 'Asian Junior Boxing Championships' বিশ্বের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?
(a) আবুধাবি (b) দোহা (c) ফুজাইরাহ (d) দুবাই

13. ঘরের উষ্ণতা বাড়লে শিশিরাঙ্ক —
(a) কমে (b) বাড়ে (c) একই থাকে (d) বলা সম্ভব নয়

14. 'Police Commemoration Day' কবে পালিত হয়?
(a) 21 অক্টোবর (b) 22 অক্টোবর (c) 23 অক্টোবর (d) 24 অক্টোবর

15. ভালোভাবে শিশির জমে কখন?
(a) সন্ধ্যাবেলায় (b) বৃষ্টির সময় (c) আকাশে মেঘ বেশি থাকলে (d) আকাশ মেঘহীন থাকলে

16. সম্প্রতি 'IMNEX-2019' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?
(a) চেন্নাই (b) লিটল আন্দামান (c) রাজস্থান (d) বিশাখাপত্তনম

17. সম্পৃক্ত বাষ্প সম্পর্কে কোনটি সত্য —
(a) বয়েলের সূত্র মেনে চলে (b) তরলের সংস্পর্শে সাম্যাবস্থায় থাকে (c) উষ্ণতা হ্রাস করে অসম্পৃক্ত করা যায় (d) সবক'টিই সত্য

18. সম্প্রতি বিশ্বের প্রাচীনতম মুক্তো বিশ্বের কোন শহরে পাওয়া গেছে?
(a) মোনাকো (b) আবুধাবি (c) হংকং (d) সাংহাই

19. কোনো একদিনে কলকাতা ও দিল্লিতে তাপমাত্রা একই, কিন্তু বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ যথাক্রমে 80% ও 60%. নীচের উক্তিগুলির মধ্যে কোনটি সঠিক?
(a) উভয়স্থানের আবহাওয়াই সমান আরামপ্রদ (b) আবহাওয়া সম্পর্কিত তথ্য অসম্পূর্ণ (c) কলকাতার আবহাওয়া বেশি আরামপ্রদ (d) দিল্লির আবহাওয়া বেশি আরামপ্রদ

20. সম্প্রতি কাশ্মীরের কোন স্থানকে ট্যুরিস্ট স্পট হিসাবে ঘোষণা করা হল?
(a) লাদাখ (b) কার্গিল (c) সিয়াচেন (d) গুলমার্গ

21. যে ঘটনা বা, অবস্থা বাতাসে জলীয় বাষ্পের পরিমাণের ওপর নির্ভর করে না তা হল —
(a) শিশির পড়া (b) কুয়াশা সৃষ্টি (c) জল জমে বরফ হওয়া (d) আপেক্ষিক আর্দ্রতা

22. 2019 সালে বিশ্বের কোন শহরে 'World Military Games' হয়েছে?
(a) বেজিং (b) সাংহাই (c) হংকং (d) উহান

23. শীতপ্রধান দেশের জলাশয়ের ওপর জমে যাওয়া বরফের স্তরের ঠিক নীচে জলের উষ্ণতা —
(a) 0°C (b) 4°C (c) –4°C (d) কোনোটিই নয়

24. সম্প্রতি নীচের কোন মন্ত্রক 'DHRUV Programme' চালু করেছে?
(a) শিক্ষামন্ত্রক (b) মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক (c) সংস্কৃতি মন্ত্রক (d) পরিবেশ মন্ত্রক

25. সম্পৃক্ত ও অসম্পৃক্ত বাষ্পের পার্থক্য কী?
(a) সম্পৃক্ত বাষ্প বয়েলের সূত্র মানে (b) অসম্পৃক্ত বাষ্প বয়েলের সূত্র মানে না (c) অসম্পৃক্ত বাষ্প বয়েলের সূত্র মানে (d) সম্পৃক্ত বাষ্প চার্লসের সূত্র মানে

26. 2024 সালে বিশ্বের কোন শহরে 'Summer Olympics' অনুষ্ঠিত হবে?
(a) রোম (b) লন্ডন (c) প্যারিস (d) আমস্টারডাম

27. শ্রুতিগোচর শব্দের কম্পাঙ্কের পাল্লা হল —
(a) 20 Hz – 10 kHz (b) 40 Hz – 20 kHz (c) 20 Hz – 20 kHz (d) 40 Hz – 40 kHz

28. 'International Snow Leopard Day' কবে পালিত হয়?
(a) 23 অক্টোবর (b) 24 অক্টোবর (c) 25 অক্টোবর (d) 26 অক্টোবর

29. Ultrasonography (USG) কোন তরঙ্গের সঙ্গে যুক্ত?
(a) শ্রুতিগোচর শব্দ (b) শব্দোত্তর তরঙ্গ (c) শব্দেতর তরঙ্গ (d) তড়িৎচুম্বকীয় তরঙ্গ

30. 'Global Bio-India 2019' Summit কবে অনুষ্ঠিত হওয়ার কথা ঘোষিত হয়েছে?
(a) 21–23 নভেম্বর (b) 21–23 ডিসেম্বর (c) 21–23 জানুয়ারি (d) 21–23 ফেব্রুয়ারি

31. কত সালে ভারত হকিতে অলিম্পিকে সোনার পদক পায়?
(a) 1972 (b) 1964 (c) 1968 (d) 1960

32. সুরযুক্ত শব্দের কোন বৈশিষ্ট্যের জন্য একই তীব্রতাবিশিষ্ট খাদের সুর ও চড়া সুরের মধ্যে পার্থক্য বোঝা যায়?
(a) প্রাবল্য (b) বিস্তার (c) কম্পাঙ্ক (d) তীক্ষ্ণতা

33. নাগাল্যান্ডের প্রধান ভাষা কী?
(a) ইংরিজি (b) নাগা (c) অসমিয়া (d) খাসি

34. এক ব্যক্তি দু'টি সমান্তরাল পাহাড়ের মাঝখানে দাঁড়িয়ে গুলি ছুঁড়ল। সে 1.5 সেকেন্ড ও 2.5 সেকেন্ড পর যথাক্রমে প্রথম ও দ্বিতীয় প্রতিধ্বনি শুনতে পেল। বায়ুতে শব্দের বেগ সেকেন্ডে 340 মিটার হলে পাহাড় দু'টির মধ্যে দূরত্ব কত মিটার?
(a) 340 (b) 680 (c) 510 (d) 850

35. ভারতের রাষ্ট্রপতি পদ নীচের কোনটির সমতুল?
(a) ব্রিটেনের রাজা বা, রানি (b) মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি (c) সৌদি আরবের সুলতান (d) রাশিয়ার রাষ্ট্রপতি

36. 500 Hz, 900 Hz, 550 Hz, 750 Hz, 300 Hz, 600 Hz – এইসব কম্পাঙ্কের মধ্যে প্রথম সমমেলটি হল —
(a) 300 Hz (b) 500 Hz (c) 600 Hz (d) 900 Hz

37. অজন্তা গুহা ভারতের কোন রাজ্যে আছে?
(a) মহারাষ্ট্র (b) তামিলনাড়ু (c) তেলেঙ্গানা (d) গুজরাত

38. ডেসিবেল এককে কী পরিমাপ করা হয়?
(a) তীব্রতা (b) কম্পাঙ্ক (c) তরঙ্গদৈর্ঘ্য (d) পর্যায়কাল

39. 256 Hz, 512 Hz, 1020 Hz, 1280 Hz – এগুলির মধ্যে 1280 Hz কম্পাঙ্কটি হল —
(a) শেষ সুর (b) চতুর্থ উপসুর (c) তৃতীয় সমমেল (d) দ্বিতীয় সমমেল

40. গবাদি পশুদের Mouth and Foot রোগ কীসের আক্রমণে হয়?
(a) ভাইরাস (b) ব্যাকটিরিয়া (c) ফাঙ্গাস (d) প্রোটোজোয়া

41. শব্দের তীব্রতা নীচের কোন বিষয়ের ওপর নির্ভরশীল নয়?
(a) স্বনকের আকার (b) স্বনকের কম্পনের বিস্তার (c) মাধ্যমের ঘনত্ব (d) স্বরের মধ্যে উপসুরের সংখ্যা

42. মানবদেহের কোন রোগ উপশমে সর্পগন্ধা ব্যবহৃত হয়?
(a) উচ্চ রক্তচাপ (b) রিকেট (c) রক্তের উচ্চ শর্করা (d) বাতের ব্যাথা

43. সুরযুক্ত শব্দের বৈশিষ্ট্য কী?
(a) শুধুমাত্র প্রাবল্য (b) শুধুমাত্র তীক্ষ্ণতা (c) শুধুমাত্র গুণন বা, জাতি (d) সবক'টি

44. মানুষ প্রথম কোন ধাতুর ব্যবহার করতে শেখে?
(a) লোহা (b) সোনা (c) রুপো (d) তামা

45. নীচের কোনটি একটি দ্রুত বর্ধনশীল গাছ?
(a) নারকেল (b) ইউক্যালিপটাস (c) সেগুন (d) বট

46. কে প্রথম 'হোমরুল আন্দোলন' শুরু করেন?
(a) অ্যানি বেসান্ত (b) লালা লাজপত রাই (c) স্বামী বিবেকানন্দ (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

47. গন্ডোয়ানা পর্বত ভারতের কোন রাজ্যে আছে?
(a) জম্মু ও কাশ্মীর (b) নাগাল্যান্ড (c) মধ্য প্রদেশ (d) পঞ্জাব

48. কোন রাশিটি পরিমাপযোগ্য?
(a) তীব্রতা (b) প্রাবল্য (c) তীক্ষ্ণতা (d) গুণ

49. কোন রাশিটি অনুভূতিমূলক নয়?
(a) প্রাবল্য (b) তীব্রতা (c) তীক্ষ্ণতা (d) জাতি

50. 'World Polio Day' কবে পালিত হয়?
(a) 23 অক্টোবর (b) 24 অক্টোবর (c) 25 অক্টোবর (d) 26 অক্টোবর

51. সুরযুক্ত শব্দের জাতি কীসের ওপর নির্ভর করে?
(a) বিস্তার (b) তরঙ্গরূপ (c) কম্পাঙ্ক (d) তরঙ্গদৈর্ঘ্য

52. 'আন্তর্জাতিক রোমানি দিবস' কবে পালিত হয়?
(a) 2 এপ্রিল (b) 4 এপ্রিল (c) 8 এপ্রিল (d) 10 এপ্রিল

53. কোন দেশে মহারাজা রনজিৎ সিংয়ের মূর্তি উন্মোচন হতে চলেছে?
(a) ইতালি (b) ফ্রান্স (c) ইংল্যান্ড (d) স্কটল্যান্ড

54. প্রমোদ কোহলি নীচের কোন সংস্থার চেয়ারম্যান ছিলেন?
(a) SAT (b) NASSCOM (c) CBDT (d) CAT

55. এনগুয়েন জুয়ান ফুক কোন দেশের প্রধানমন্ত্রী?
(a) তাইল্যান্ড (b) ভিয়েতনাম (c) জাপান (d) উত্তর কোরিয়া

56. কেন্তো মোমোতো কোন দেশের ব্যাডমিন্টন খেলোয়াড়?
(a) চিন (b) জাপান (c) মালয়েশিয়া (d) ইন্দোনেশিয়া

57. 'জাতীয় হাইড্রোলজি প্রকল্প' নীচের কোন ক্ষেত্রে চালু হয়েছে?
(a) খরা নিয়ন্ত্রণ (b) বন্যা নিয়ন্ত্রণ (c) ভূমিকম্প নিয়ন্ত্রণ (d) ধ্বস নিয়ন্ত্রণ

58. 'বিশ্ব স্বাস্থ্য দিবস' কবে পালিত হয়?
(a) 5 এপ্রিল (b) 6 এপ্রিল (c) 7 এপ্রিল (d) 8 এপ্রিল

59. 2019 সালে 'গ্লোবাল ব্রিবেরি রিস্ক ইনডেক্স'এ ভারতের স্থান কত?
(a) 93 (b) 102 (c) 55 (d) 78

60. 'আদর্শ বিদ্যালয়' ভারতের কোন রাজ্য সরকারের প্রকল্প?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) বিহার (d) পশ্চিমবঙ্গ

61. 'সূর্য জ্যোতি' প্রকল্পটি নীচের কোনটির সঙ্গে যুক্ত?
(a) সৌরশক্তির সাহায্যে রান্না (b) গ্রাম ও শহরে সৌরবিদ্যুৎ সরবরাহ (c) প্রতি রাজ্যের সৌরবিদ্যুৎ উৎপাদন প্রকল্প (d) সৌরশক্তির সাহায্যে সরকারি দফতর পরিচালনা

☞ এরপর ৬ পাতায়


১৩২ পাতার
দাম ১০ টাকা
নভেম্বর সংখ্যা
বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কর্মখালি

**Urgent Requirement** for Female Telecallers. Inbound process. Direct recruitment in kolkata. H.S. Passed, age upto 35. Salary 12,000-14,000+ incentive. Call/Whatsapp (9am-9pm) : 9635666060.

R(A)

RBI-Mumbai & MNC তে Dog Squad এ Duty. All India তে প্রচুর ছেলে চাই। 10,000+ থাকা, ESI, PF. 8116152823, 9593941485,

CM

### হোটেলে স্থায়ী চাকরি

কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় অনুর্ধ্ব ৩০ ছেলে মেয়ে চাই ৮০০০ + থাকা খাওয়া ফ্রি + উন্নতি। কোলকাতা-8282820007 শিলিগুড়ি- 9434495134.

CM

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.

SA

### স্টার হোটেলে চাকরি

কম খরচে ট্রেনিং, সরাসরি জয়েনিং। বেতন, থাকা-খাওয়া ফ্রী। BIHM, বোলপুর- 9474833208

UM

**JIO 4G, VODA ও SBI**

বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F স্পট জয়েনিং চলছে। প্রয়োজনে অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000 + অন্যান্য সুবিধা। দমদম : 8420666060, গড়িয়া : 9002033880 হেড অফিস : 7365834373,

R

### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কর্মখালি

### মধ্যমগ্রাম অফিসে

বসে কাজের জন্য ৫ জন মহিলা কর্মী প্রয়োজন। Fix Salary-5K-7K. 9903766244, 9903718893.

D

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক+অনূর্ধ্ব 30) 120জন M/F চাই। আয় : 10500/-+ থাকা ফ্রী। কলকাতা : 8697565808.

SG

Required M/F within (18-35) For Office & Field work at Durgapur & Kolkata office. M-8240896431. maxltddgp@gmail.com

B

### সেবা-রহড়া (ক্ষুদ্র ঋণ সংস্থা)

কলি ও রায়গঞ্জে লোক চাই। নিজ বাইক কর্মস্থলে থাকা 20-35yr, Min-HS (ক) CO-132000/-(CTC)+PF, ESI, Gratuity, বীমা (খ) BM-Negotiable (গ)কলিতে Data Entry লোক চাই। বায়োসহ 10-2p.m.সাক্ষাৎ 03325236546 sebahr2006@gmail.com (১) মালদা -৯ডিসেম্বর-'হোটেল ময়ুখ' রথবাড়ী, বাজার কোলকাতা শোরুমের কাছে (২) রায়গঞ্জ-১০ ডিসেম্বর-'হোটেল সূর্যলক্ষ্মী', গীতাঞ্জলী সিনেমা হলের কাছে (৩) বারাসাত-১২ ডিসেম্বর-'হোটেল আনন্দলোক', ১নং প্ল্যাটফর্মের কাছে (৪) রানাঘাট-১৩ ডিসেম্বর- 'হোটেল অঞ্জলী', ভাংড়াপাড়া (৫) শিয়ালদহ-১৪ ডিসেম্বর- ক্যালকাটালজ, Near Sealdah ESI Hospital .

SH

ISO: 9001-2015, Indian Railway approved কোম্পানি পঃবঃ বাইরে ইলেক্ট্রনিক্স-এর কাজে ছেলে প্রয়োজন। ট্রেনিংয়ের ব্যবস্থা আছে। যোগাযোগ: Scientific Power Corporation, E-mail: debdulalmati@gmail.com

R

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

### আর্জেন্ট ভ্যাকেন্সি

২৩টি জেলায় নার্সিংহোম, টাওয়ার Co., ATM গার্ড ও ব্যাঙ্ক (DSA)-তে কাজের কর্মী চাই। (12500/- 18900/-). Mob-7719152618

SA

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## রাজ্য পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষার ফল বেরোল

### শারীরিক সক্ষমতার পরীক্ষা শুরু ৩ ডিসেম্বর থেকে

পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের এরপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে। কোন রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ডের পরীক্ষা কোথায় হবে — (ক) মুর্শিদাবাদ রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড-।'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ১৬ ডিসেম্বর। এই ঠিকানায় : Berhampur Stadium Murshidabad, Berhampur District Sports Association, P.O. Berhampur, Murshidabad. (খ) মুর্শিদাবাদ রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড-।।'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর। এই ঠিকানায় : Berhampur Stadium Murshidabad, P.O. Berhampur, Dist. Murshidabad. (গ) জলপাইগুড়ি রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর। এই ঠিকানায় : 2nd IR, Bn, Parade Ground, Vill-Ambikanagar, P.O. Sahudangihat, Dist. Jalpaiguri. (ঘ) মেদিনীপুর রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড-।'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর। এই ঠিকানায় : EFR 1st Bn, Parade Ground, P.O. Salua, Dist. Paschim Medinipur.

(ঙ) মেদিনীপুর রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড-।।'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ১২ ডিসেম্বর। এই ঠিকানায় : Paschim Medinipure Police Lines, Parade Ground, P.O. Medinipur, Dist. Paschim Medinipur. (চ) বর্ধমান রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড'এর পরীক্ষা হবে ৩ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর। এই ঠিকানায় : RCC, CIF Campus, Bidhannagar, Durgapur, P.O. ABL Township, Dist. Paschim Burdwan. (ছ) প্রেসিডেন্সি রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড।'এর পরীক্ষা হবে ২৬ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারি। এই ঠিকানায় : SAP 3rd Bn Parade Ground, Mangal Pandey Uddyan, P.O. Barrackpore, Dist. 24 Pgs (N). (জ) প্রেসিডেন্সি রেঞ্জ রিক্রুটমেন্ট বোর্ড।।'এর পরীক্ষা হবে ২৬ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারি। এই ঠিকানায় : SAP 1st Bn Parade Ground, Mangal Pandey Uddyan, P.O. Barrackpore, Dist. 24 Pgs (N). ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। পরীক্ষার তারিখ ও স্থান বদল সংক্রান্ত আরো তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## কলেজে ১৭১ সহ-অধ্যাপক

পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দফতরের অধীনর জেনারেল ডিগ্রি কলেজ, গভঃ বি.পি.এড. কলেজ ও গভঃ টিচার্স ট্রেনিং কলেজে কাজের জন্য অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ১৭১ জন ছেলেমেয়ে নিচ্ছে। ডিগ্রি কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে শূন্যপদ : বাংলা বিষয়ে ৮টি, বটানি, ১২টি, কেমিস্ট্রি ৪টি, কমার্স ৪টি, কম্পিউটার সায়েন্স ৪টি, অর্থনীতি ১টি, এডুকেশন ৩টি, ইংরিজি ১২টি, ভূগোল ৪টি, জিওলজি ৪টি, ইতিহাস ১০টি, ল ৬টি, অঙ্ক ৯টি, মাইক্রোবায়োলজি ৫টি, নিউট্রিশন ৩টি, পার্সিয়ান ১টি, ফিলোজফি ২টি, ফিজিক্স ৯টি, ফিজিওলজি ৩টি, রাষ্ট্রবিজ্ঞান ১০টি, সাইকোলজি ১টি, সংস্কৃত ৩টি, সাঁওতালি ১টি; সোশিওলজি ২টি, স্ট্যাটিস্টিক্স ৩টি, উর্দু ১টি, জুলজি ৮টি। গভঃ বি.পি.এড. কলেজে শূন্যপদ ৭টি। গভঃ টিচার্স ট্রেনিং কলেজে শূন্যপদ ৩০টি। এই পদে কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এই পদের বিজ্ঞপ্তি নং 29/2019. প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে স্ক্রিনিং টেস্ট ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ নভেম্বর থেকে ১৯ ডিসেম্বর পর্যন্ত। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## আলিপুর জেলায় চাকরি

আলিপুরদুয়ার জেলা শাসকের অধীন এস.এস.এম. ডিস্ট্রিক্ট প্রোজেক্ট অফিস বিভিন্ন পদে লোক নিচ্ছে। কী কী পদে লোক হবে, শূন্যপদ, শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : http://alipurduar.gov.in দরখাস্ত করার শেষ তারিখ ২৪ ডিসেম্বর।

## ৩৪ কৃষি অফিসার

১ পাতার পর

বায়ো-কেমিস্ট্রি, সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন, সয়েল ফিজিক্স, সয়েল সার্ভে, মাইক্রোবায়োলজি বা, অ্যাগ্রিকালাচারাল কেমিক্যালসের প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

**অ্যাসিস্ট্যান্ট এন্টোমোলজিস্ট** : অ্যাগ্রিকালচারের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা এন্টোমোলজির প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রোনমিস্ট** : অ্যাগ্রিকালচারের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা অ্যাগ্রোনমির প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট প্ল্যান্ট প্যাথোলজিস্ট / অ্যাসিস্ট্যান্ট মাইকোলজিস্ট** : অ্যাগ্রিকালচারের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা মাইকোলজি বা, প্ল্যান্ট প্যাথোলজির প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। অ্যাগ্রিকালচার বিষয়ে জ্ঞান থাকলে ভালো হয়। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ 2, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 27/2019.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১২ ডিসেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## কো-অপারেটিভ সার্ভিস কমিশনের পরীক্ষা ১ ডিসেম্বর

পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১/২০১৯'এর লিখিত পরীক্ষা হবে ১ ডিসেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.webcsc.org

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ৫/২০১৯'এর ভেক্টর কন্ট্রোল অফিসার পদের পার্সোন্যালিটি টেস্ট হবে ২৮ ও ২৯ নভেম্বর, বেলা ১১টা থেকে ৪টা পর্যন্ত। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

## ১৫ ওয়ার্ড মাস্টার

১ পাতার পর

মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, তঃজাঃ ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, মেধাবী খেলোয়াড় ১, প্রতিবন্ধী ১) এই পদের বিজ্ঞপ্তি নং : 24/2019.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১১ ডিসেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## ৫০ মজদুর

১ পাতার পর

৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৫০টি (তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ৩, তঃউঃজাঃ ই.সি. ১, তঃজাঃ প্রাঃসঃকঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৪, ও.বি.সি. -বি ক্যাটেগরি ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ২, ও.বি.সি. বি ক্যাটেগরি ই.সি. ১, জেনাঃ ১২, জেনাঃ ই.সি. ৮, জেনাঃ প্রাঃসঃকঃ ৪, জেনাঃ প্রতিবন্ধী ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের মেমো নং : 5 / 2019/ Recruitment, Dated: 18.11.2019.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.baranagarmunicipality.org তখন সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Application for the post of Mazdoor Group-D'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পৌঁছনো চাই ৬ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Baranagar Municipality, 87, Deshbandhu Road (E), Kolkata -700035, WB.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাফল্যের প্রস্তুতি

## ৪টি সরকারি চাকরির পরীক্ষায় সফল প্রার্থীর পরামর্শ



শুভ্রজ্যোতি সরকার

উত্তর ২৪ পরগনার খড়দার পাতুলিয়ার ছেলে আমি। রহড়া রামকৃষ্ণ মিশন থেকে মাধ্যমিক ও বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দির থেকে উচ্চমাধ্যমিক পাশ করেছি। এখানকার মহারাজরা আমাকে জীবন গড়তে সাহায্য করেছেন। ২০০৬ সালে কলকাতার মৌলানা আজাদ কলেজ থেকে ইংরিজি বিষয়ে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। শুরু থেকে আমার জীবনের লক্ষ্য ছিল সরকারি চাকরি। সেই লক্ষ্যপূরণে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের পরীক্ষায় বসি। পরপর ৪ বার সাফল্য পেয়ে ৪টি চাকরি পেয়েছি। ২০০৯ সালে প্রথম চাকরি পাই সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে। এরপর মিসলেনিয়াস পরীক্ষায় সফল হয়ে ২০১২ সালে ক্রেতা কল্যাণ আধিকারিক পদে চাকরি পাই। এই পদে চাকরি করার পর ডব্লু.বি.সি.এস আধিকারিক সিরাজুল ইসলামের সঙ্গে পরিচয় হয় ও তিনি আমাকে রাজ্য সিভিল সার্ভিস পরীক্ষায় বসার পরামর্শ দেন ও পথ দেখান।

২০১৪ সালে প্রথমবার ডব্লু.বি.সি.এস পরীক্ষায় বসি। সেবার থেকে এই পরীক্ষায় সিলেবাসের পরিবর্তন হয়। ২০১৫ সালের পরীক্ষায় 'সি' গ্রুপে কোয়ালিফাই করে রেভিনিউ অফিসার পদে চাকরি পাই।

এই পদে চাকরি করতে করতে ২০১৭ সালের পরীক্ষায় বসি। 'এ' গ্রুপে চূড়ান্ত সফল হয়ে অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার পদে চাকরি পেয়েছি। এই পরীক্ষায় প্রস্তুতির অভিজ্ঞতা জানাচ্ছি।

প্রস্তুতির ক্ষেত্রে পরিকল্পনামাফিক এগিয়েছিলাম। শুরুতে ঠিক করেছিলাম কোন বিষয়ের জন্য কতটুকু পড়ব আর পড়ব না। খুব বেশি সময় ধরে পড়িনি কিন্তু যেটুকু সময় পড়তাম, খুব মন দিয়ে পড়তাম। প্রস্তুতির সময় যাবতীয় সোশ্যাল মিডিয়া থেকে দূরে থেকেছি। প্রিলিমিনারি ও মেন পরীক্ষার জন্য একযোগে প্রস্তুতি নিয়েছিলাম। সব ক্ষেত্রে নজর দিয়েছিলাম 'কোর' বিষয়গুলিতে। প্রিলিমিনারির জন্য মূলত মাধ্যমিকের পাঠ্য বই পড়েছিলাম। সব বিষয়ে নিজে 'নোট' তৈরি করে পড়েছি। প্রতিটি বিষয় পড়ার সঙ্গে সঙ্গে লাগাতর অনুশীলন করতাম। প্রিলিমিনারি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ৭৪% প্রশ্নের উত্তর লিখেছিলাম।

'মেন'র বাংলা ও ইংরিজি বিষয়ের জন্য দৈনিক সংবাদপত্রের সম্পাদকীয় মন দিয়ে পড়তাম। প্রতিবেদন দেখে রিপোর্ট লেখার চর্চা করতাম। ইংরিজি অনার্সের ছাত্র ছিলাম বলে ইংরিজি বিষয়ে বিশেষ মাথা ঘামাইনি। এই বিষয়ে লেখার স্বাভাবিক ক্ষমতা ছিল। অঙ্কের জন্য আর. এস. আগরওয়ালের বই দেখে চর্চা করেছি। সাম্প্রতিক ঘটনাবলীর জন্য দৈনিক সংবাদপত্রের পাশাপাশি পড়েছি 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'. ঐচ্ছিক বিষয় হিসাবে নিয়েছিলাম সোশিওলজি। এই বিষয়ের ডিগ্রি কোর্সের বিষয়ে গড়ে ৬০% থেকে ৭০% প্রশ্নের উত্তর লিখেছিলাম।

পার্সোন্যালিটি টেস্টের প্রস্তুতির জন্য ডিগ্রি কোর্সের পাঠ্য বিষয়ের পাশাপাশি নিজের জেলা, সরকারি প্রকল্পগুলি সম্পর্কে সচেতন হয়েছিলাম। আমার ইন্টারভিউ হয়েছিল পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন ৫ জন সদস্য। শুরুতে জানতে চাওয়া হয়েছিল কেন এই পদে চাকরি করতে চাইছি। এরপর ডিগ্রি কোর্সের বিষয়, সরকারি কাজ, নিজের জেলা ও পরিবার সংক্রান্ত প্রশ্ন ধরা হয়।

সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের জন্য কর্মপ্রার্থীদের যাবতীয় নেতিবাচক চিন্তা থেকে দূরে সরে থাকতে হবে। সঠিক পরিকল্পনা, পদ্ধতি মেনে প্রস্তুতি ও ধারাবাহিক অনুশীলন সাফল্যের মূল সূত্র।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিক্সের কোর্স

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফিজিক্স বিভাগ মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম.এসসি ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সটি পড়ানো হচ্ছে চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের সঙ্গে যৌথ উদ্যোগে। ১ বছরের কোর্স। ক্লাস হবে বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত। সীট : ১০টি। সরকারি নিয়ম অনুসারে সংরক্ষিতদের জন্য সীট সংরক্ষিত আছে। মোট অন্তত ৫৫% ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। পোস্ট-গ্র্যাজুয়েট স্তরে অন্যতম প্রধান বিষয় হিসাবে ফিজিক্স নিয়ে পড়ে থাকতে হবে। তপশিলী প্রার্থীরা নম্বরের ক্ষেত্রে ২৫% ছাড় পাবেন। এছাড়াও রেডিওথেরাপি বা, মেডিক্যাল ফিজিক্সের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে নম্বরের ক্ষেত্রে ছাড় পাবেন। কোর্স ফী ৮৪ হাজার টাকা। ফী দিতে হবে দু'টি কিস্তিতে। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের ভিত্তিতে। তার জন্য বাছাই প্রার্থীদের নামের তালিকা বেরোবে ২৩ ডিসেম্বর। ইন্টারভিউ হবে ৪ ও ৫ ফেব্রুয়ারি। ১ বছরের কোর্স শেষে সফল প্রার্থীদের কাজের সুযোগ রয়েছে সরকারি-বেসরকারি হাসপাতালে রেডিওথেরাপি বিভাগে, বেসরকারি সংস্থার রেডিওথেরাপি সেন্টারে। এছাড়াও রেডিওথেরাপি সংক্রান্ত কোম্পানিতে চাকরির সুযোগ আছে।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। ১০০ টাকা দিয়ে হাতে-হাতে ফর্ম যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে, যে কোনো কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। অথবা আবেদনের বয়ান ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে : www.jaduniv.edu.in বা, www.cnci.org.in

পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) ডাউনলোড করা আবেদনপত্রের ক্ষেত্রে ফী বাবদ ১০০ টাকা ডিমান্ড ড্রাফট। এই ড্রাফট পাঠাবেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'কলকাতা'। বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে আবেদনপত্র নিলে ডিমান্ড ড্রাফট দিতে হবে। (২) নিজের ১ কপি পাশপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। (৩) শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। (৪) কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (দরকারি ক্ষেত্রে)। (৫) আয়ের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। যাবতীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে ৯ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : সেক্রেটারি ফ্যাকাল্টি কাউন্সিল অফ সায়েন্স, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা - ৭০০ ০৩২। অথবা জমা দিতে পারেন বিশ্ববিদ্যালয় ইনফর্মেশন কাউন্টারে।

## স্বাস্থ্য দফতরে ১৭ কাউন্সেলর

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির অধীন জাতীয় গ্রামীণ মিশন প্রকল্পে কাজের জন্য কাউন্সেলর পদে ১৭ জন তরুণী নিচ্ছে। সোশ্যাল সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জনসংযোগে দক্ষতা, এম.এস. অফিস-সহ কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে। সোশ্যাল সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.পি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ১৩,৫৬০ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, প্রতিবন্ধী, ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : SHFWS/2019/196, Date: 19/11/2019.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের প্রথমে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। মোট ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে শিক্ষাগত যোগ্যতার জন্য ৪০ নম্বর (মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি প্রতিটিতে ১০ নম্বর করে), পোস্ট কোয়ালিফিকেশন ১০ নম্বর আর লিখিত পরীক্ষায় থাকবে ৫০ নম্বর। দরখাস্ত করবেন অনলাইনে, ১ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in তখন পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি. এ. ক্যাটেগরি আর প্রতিবন্ধী হলে ৫০) টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দেবেন, ৪ ডিসেম্বরের মধ্যে। চূড়ান্ত ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৯ ডিসেম্বর। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সরকারি প্রকল্প থেকে ঋণ নিয়ে চামড়ার রফতানিযোগ্য হ্যান্ডব্যাগ ও পার্স তৈরি

**নিজস্ব প্রতিনিধি** : প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প বা স্বামী বিবেকানন্দ স্বনির্ভর বাংলা কর্মসংস্থান প্রকল্প থেকে ঋণ নিয়ে রফতানিযোগ্য চামড়ার হ্যান্ডব্যাগ, পার্স, ওয়ালেট তৈরি করতে পারেন। বিদেশে বিশেষ করে ইউরোপ ও নিউজিল্যান্ডে ভারতের- চামড়ার তৈরি এইসব সামগ্রীর চাহিদা দিন দিন বাড়ছে। তবে বিদেশে পণ্য রফতানি করতে চাইলে উন্নতমানের ও আকর্ষণীয় ডিজাইনের দিকে নজর দিতে হবে। এজন্য দক্ষ ডিজাইনারের সাহায্য নিতে হবে। পণ্যের গুণগত মান ভালো না হলে বিদেশে পণ্য কেনা হয় না।

৪৮। কেন্দ্রীয় প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রীপাদ নায়েক সম্প্রতি ভারতের কোন রাজ্যের কোন শহরে 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'এর (DRDO) ইন্‌টিগ্রেটেড টার কমপ্লেক্স উদ্বোধন করেছেন — মহারাষ্ট্রের পুণে।

৪৯। কোন বলিউড অভিনেতা 'সিঙ্গাপুর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ (SGIFF) 'লেসলে হো এশিয়ান ফিল্ম ট্যালেন্ট' পুরস্কার পেতে চলেছেন — নওয়াজউদ্দিন সিদ্দিকি (ওয়েব টেলিভিশন সিরিজ 'Sacred Games'এর জন্য)।

৫০। মালিতে, ভারতের রাষ্ট্রদূত এখন কে — অঞ্জনী কুমার।

৫১। 'পটনা হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — সঞ্জয় কারোল।

৫২। ৭৭তম 'গোল্ডেন গ্লোবস' পুরস্কারে, কে 'ক্যারল বারনেট পুরস্কার' পেতে চলেছেন — মার্কিনি কৌতুকাভিনেত্রী ও টেলিভিশন হোস্ট এলেন লি ডেজেনেরেস।

৫৩। 'পাব্লিক সার্ভিস ব্রডকাস্টিং ডে' কবে পালিত হয় — ১২ নভেম্বর।

৫৪। বিশ্বের প্রথম সিএনজি পোর্ট টার্মিনাল ভারতের কোন রাজ্যের কোন শহরে গড়ে উঠবে — গুজরাতের ভাবনগর।

৫৫। 'মাদ্রাজ হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — অমরেশ্বর প্রতাপ সাহি।

৫৬। কে সম্প্রতি 'নিউইয়র্ক মেট্রোপলিটন মিউজিয়াম অফ আর্ট' এর প্রথম ভারতীয় ট্রাস্টির সম্মান পেলেন — নীতা আম্বানি।

৫৭। 'গুজরাত ইকোলজিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ' (GEER) ফাউন্ডেশনের জুনিয়র গবেষক ধ্রুব প্রজাপতি সম্প্রতি তাঁর আবিষ্কার করা নতুন টি মাকড়সা প্রজাতির মধ্যে একটির নাম রেখেছেন একজন ক্রিকেটারের নামে। তাঁর নাম কী — শচীন তেন্ডুলকর (অন্য প্রজাতির মাকড়সাটির নাম রাখা হয়েছে সন্ত কুরিয়াকোস ইলিয়াস চাভারার নামে, যিনি কেরালায় শিক্ষার আলো এনে দেওয়ার পথপ্রদর্শক ছিলেন)।

৫৮। 'বিশ্ব নিউমোনিয়া দিবস' কবে পালিত হয় — ১২ নভেম্বর।

৫৯। ২০১৯ সালে 'বিশ্ব নিউমোনিয়া দিবস'এর থিম কী ছিল — হেলদি লাংস ফর অল।

৬০। কে সম্প্রতি বন্যপ্রাণী সংরক্ষণ বিজ্ঞানে 'জর্জ স্ক্যালার জীবনকৃতি সম্মান' পেলেন — ভারতীয় জীববিজ্ঞানী কে. উল্লাস কার্ণাথ।

৬১। ভারতের কোন রাজ্যের কোন শহরে সম্প্রতি দেশের প্রথম হাতির স্মৃতিসৌধ চালু হয়েছে — উত্তর প্রদেশের মথুরায়।

৬২। ২০২০ সালে ভারতের প্রজাতন্ত্র দিবসে কোন দেশের রাষ্ট্রপতি ভারতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন — ব্রাজিলের রাষ্ট্রপতি জাইর বোলসোনারো।

৬৩। আন্ধ্রা প্রদেশের প্রথম মহিলা চিফ সেক্রেটারি কে — নীলম সাহনি।

৬৪। দক্ষিণ এশিয়ার দেশগুলির মধ্যে 'বিজনেস ব্রিবেরি রিস্ক'এ কোন দেশ প্রথম স্থানে আছে — বাংলাদেশ (ভারতের স্থান ৭৮)।

৬৫। ক্ষুদ্র ও প্রান্তিক গ্রামীণ দুগ্ধচাষিদের জন্য সাশ্রয়ী দেশীয় দুধ চিলিং ইউনিট আবিষ্কার করার জন্য, কে সম্প্রতি ব্রাজিলের রিও ডি জেনেরিওতে, 'ব্রিকস-ইয়ং ইনোভেটর' পুরস্কার পেলেন — ভারতীয় পিএইচ.ডি স্কলার রবি প্রকাশ।

৬৬। 'Courts of India : Past to Present' বইটি কে প্রকাশ করেছেন



— রঞ্জন গগৈ।

৬৭। চতুর্থ 'আন্তর্জাতিক চেরি ব্লসম উৎসব' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — শিলং।

৬৮। 'বিশ্ব শৌচাগার দিবস' কবে পালিত হয় — ১৯ নভেম্বর।

৬৯। নিউমোনিয়ার কারণে শিশুমৃত্যুর হার কমাতে, সম্প্রতি 'SAANS' ক্যাম্পেন চালু করল কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক। SAANS' কথাটির পুরো নাম কী — সোশ্যাল অ্যাওয়ারনেস অ্যান্ড অ্যাকশন টু নিউট্রালাইজ নিউমোনিয়া সাকসেসফুলি।

৭০। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'রায়তু মিত্র' মোবাইল অ্যাপস চালু করল — তেলেঙ্গানা সরকার।

৭১। কোন ২ জাতের চা সম্প্রতি জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' (GI) ট্যাগ পেল — দার্জিলিং গ্রিন টি ও দার্জিলিং হোয়াইট টি।

৭২। ভারতের কোন রাজ্যের কোন শহরে সম্প্রতি উত্তর ভারতের প্রথম চিনি মিল চালু হয়েছে — উত্তরপ্রদেশ।

৭৩। অঙ্গদানকে প্রচারিত করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'সুরজ পুরস্কার' চালু করল — ওড়িশা (গঞ্জাম জেলার বাসিন্দা সুরজ ২৯ অক্টোবর একটি মারাত্মক সড়ক দুর্ঘটনার কবলে পড়েন। ২ নভেম্বর, চিকিৎসকরা তাঁকে ব্রেন ডেড বলে ঘোষণা করেন। এরপর অন্যের জীবন বাঁচাতে, তাঁর বাবা-মা সুরজের অঙ্গদান করার সিদ্ধান্ত নেন। তাই তাঁর নামে 'সুরজ পুরস্কার' চালু হল)।

৭৪। শ্রীলঙ্কার প্রেসিডেন্ট এখন কে — গোটাবায়া রাজাপক্ষে।

৭৫। তিউনিশিয়ার প্রধানমন্ত্রী পদে কে মনোনীত হয়েছেন — হাবিব জেমলি।

৭৬। তিউনিশিয়ার পার্লামেন্টের স্পিকার পদে কে মনোনীত হয়েছেন — রাশিদ ঘানুশি।

৭৭। জ্ঞানচর্চায় অবদানের জন্য, কে সম্প্রতি ফ্রান্সের বিশেষ সম্মান 'লর্দ নাসিওনাল দু মেরিত' পেলেন — ভাষাবিদ ও প্রাবন্ধিক চিন্ময় গুহ।

৭৮। অর্থনৈতিক সংস্থা 'ব্লুমবার্গ'এর কোটিপতিদের তালিকায় কে সম্প্রতি শীর্ষস্থান পেলেন — 'মাইক্রোসফট'এর সহ-প্রতিষ্ঠাতা বিল গেটস (তাঁর সম্পত্তি ৮ লাখ কোটি টাকা)।

## খেলাধুলা

৭৯। ২০১৯ সালে 'ফুজৌ চিনা ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — জাপানের কেন্তো মোমোতা।

৮০। ২০১৯ সালে দোহায় অনুষ্ঠিত 'এশিয়ান শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে কে রূপোর পদক পেলেন — ভারতের সৌরভ চৌধুরি (২৪৪.৫ পয়েন্ট সংগ্রহ করে)।

৮১। ২০১৯ সালে ফেড কাপ টেনিস মহিলা সিঙ্গলসে কোন দল চ্যাম্পিয়ন হল — ফ্রান্স (অস্ট্রেলিয়াকে হারিয়ে)।

৮২। ২০২০ সালে 'ফিফা অনূর্ধ্ব-১৭ মহিলা বিশ্বকাপ'এর জন্য ভারতীয় মহিলা ফুটবল দলের প্রধান কোচ কে হলেন — সুইডেনের থমাস ডেন্নেরবাই।

৮৩। ২০১৯ সালে 'বিশ্ব প্যারা অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ জ্যাভলিন থ্রো বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের সুন্দর সিং।

৮৪। ২০১৯ সালে 'বেটন কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন (পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ককে ২-০ গোলে হারিয়ে)।

৮৫। 'ফিফা'র গ্লোবাল ফুটবল ডেভেলপমেন্টের প্রধান এখন কে —



আরসেনে ওয়েঙ্গার।

৮৬। ২০১৯ সালে কে মোনাকোতে 'গোল্ডেন ফুট' পুরস্কার পেলেন — ক্রোয়েশিয়া ফুটবল দলের অধিনায়ক লুকা মদ্রিচ।

৮৭। কলকাতার 'ইডেন গার্ডেন্স'এ শুরু হওয়া, ভারতের প্রথম 'গোলাপি টেস্ট'এর ম্যাসকট কী — পিঙ্কু-টিঙ্কু।

৮৮। ৬৩তম 'জাতীয় শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ শটগান বিভাগের মহিলা ট্র্যাপ বিভাগে কে সম্প্রতি চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেলেন — ভারতের শ্রেয়সী সিং (তিনি বিহারের হয়ে এই প্রতিযোগিতায় প্রতিনিধিত্ব করেছেন)।

৮৯। ২০১৯ সালে 'অনূর্ধ্ব-১৭ ফুটবল বিশ্বকাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ব্রাজিল (মেক্সিকোকে ২-১ গোলে হারিয়ে)।

৯০। ২০১৯ সালে 'হংকং ব্যাডমিন্টন ওপন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — লি চেউক ইয়ু (ইন্দোনেশিয়ার অ্যান্থনি গিনটিংকে ১৬-২১, ২১-১০ ও ২২-২০ ব্যবধানে হারিয়ে)।

৯১। ২০১৯ সালে কে 'ইন্টারন্যাশনাল টেবল টেনিস ফেডারেশন' চ্যালেঞ্জ ইন্দোনেশিয়া ওপেন টেবল টেনিস টুর্নামেন্টে খেতাব জিতলেন — ভারতের হরমিত দেশাই।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৩ নভেম্বর :** 'ফিফা'র গ্লোবাল ফুটবল ডেভেলপমেন্টের প্রধান হলেন আরসেনে ওয়েঙ্গার।

☐ গ্রাউন্ড পেনিট্রেটিং রাডারের সাহায্যে, তুষার যুগ থেকে লুকিয়ে থাকা পায়ের ছাপের জীবাশ্মের খোঁজ পেলেন বিজ্ঞানীরা। তবে বৃষ্টি হলেই এই 'ভুতুড়ে পায়ের ছাপ' অদৃশ্য হয়ে যায়। এইসব জীবাশ্ম এতদিন অদৃশ্য অবস্থায় ছিল। এই পায়ের ছাপের সাহায্যে সেইসময়ের প্রাণীদের ওজন ও অন্য শারীরিক বৈশিষ্ট্যও স্পষ্টভাবে জানতে পারবেন বিজ্ঞানীরা।

☐ ক্ষুদ্র ও প্রান্তিক গ্রামীণ দুগ্ধচাষিদের জন্য সাশ্রয়ী দেশীয় দুধ চিলিং ইউনিট আবিষ্কার করার জন্য, ব্রাজিলের রিও ডি জেনেরিওতে, 'ব্রিকস-ইয়ং ইনোভেটর' পুরস্কার পেলেন ভারতীয় পিএইচ.ডি স্কলার রবি প্রকাশ।

☐ গ্রামীণ ডাক সেবকদের ছেলেমেয়েদের পড়াশোনার জন্য শিক্ষা ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এক্ষেত্রে তাঁদের প্রথম ২ সন্তান এই সুবিধা পাবে। তবে দ্বিতীয় সন্তান হওয়ার সময় যমজ সন্তান হলে তারাও পড়ার খরচ পাবে। প্রত্যেক সন্তানের পঠনপাঠনের জন্য বছরে ৬,০০০ টাকা দেওয়া হবে। এই টাকা পাওয়ার জন্য ছেলে বা, মেয়ে যে স্কুলে পড়ে সেই স্কুলের প্রধান শিক্ষকের থেকে সার্টিফিকেট নিয়ে তা দফতরে জমা দিতে হবে। চলতি বছর থেকেই এই নির্দেশ কার্যকরী হবে।

'নিউইয়র্ক মেট্রোপলিটন মিউজিয়াম অফ আর্ট'এর ১৫০ বছরের ইতিহাস বদলে দিলেন নীতা আম্বানি। মেট্রোপলিটন মিউজিয়াম অফ আর্টের প্রথম ভারতীয়



সাম্মানিক ট্রাস্টি নির্বাচিত হলেন তিনি।

☐ মার্কিন যুক্তরাষ্ট্রের 'টাইম' পত্রিকার তরফ থেকে প্রকাশিত, ভবিষ্যতে বিশ্বে ১০০ জন প্রভাবশালীর, তালিকায় স্থান পেলেন ভারতীয় স্প্রিন্টার দ্যুতি চাঁদ।

☐ সব ধরণের ফুটবল থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত নিলেন স্প্যানিশ তারকা ডাভিড ভিয়া। ৩টি বিশ্বকাপ খেলেছেন তিনি। ২০১০ সালে বিশ্বকাপ জয়ী স্প্যানিশ দলের অন্যতম সদস্যও ছিলেন তিনি। ২০০৮ সালে ইউরো চ্যাম্পিয়ন স্প্যানিশ দলেও ছিলেন। জিতেছেন চ্যাম্পিয়ন্স লিগও।

☐ বল বিকৃতির দায়ে ওয়েস্ট ইন্ডিজ দলের অন্যতম নির্ভরযোগ্য তারকা নিকোলাস পুরানকে নিষিদ্ধ ঘোষণা করল 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল' (ICC)। ৪টি আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ম্যাচের জন্য নিষিদ্ধ করা হয়েছে তাঁকে। প্রসঙ্গত উল্লেখ্য, ওয়েস্ট ইন্ডিজ ও আফগান-ই-স্তানের মধ্যে হওয়া তিন ম্যাচ একদিনের সিরিজের তৃতীয় ম্যাচে বল বিকৃত করেছিলেন তিনি।

**১৪ নভেম্বর :** অন্ধ্র প্রদেশের প্রথম মহিলা চিফ সেক্রেটারি হলেন নীলম সাহনি।

☐ এবারের আই লিগের ১১০টি ম্যাচ দেখানো হবে 'ডি স্পোর্টস'এ। ৩ বছরের জন্য 'ডি স্পোর্টস'এর সঙ্গে সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের চুক্তি সম্পন্ন হয়েছে। মোট ৮টি ক্যামেরায় একেবারে ডিজিটাল প্রযুক্তিতে আই লিগের এই ১১০টি ম্যাচ দেখানো হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ৩০ নভেম্বর, আইজলে মোহনবাগান ও আইজল এফসি'র মধ্যে ম্যাচ দিয়ে শুরু হতে চলেছে এবারের আই লিগ।

☐ আগামী বছর, টেনিস বিশ্বের সফলতম পুরুষ ডাবলস জুটি ও ২ ভাই মাইক ব্রায়ান ও বব ব্রায়ান অবসর নিচ্ছেন। ১৯৯৫ সালে 'ইউ এস ওপন'এ অভিষেক হয়েছিল তাঁদের। এরপর রেকর্ড ১১৮টি ট্রফি জিতেছেন, যার মধ্যে রয়েছে ১৬টি গ্র্যান্ড স্লাম।

দীর্ঘ রোগভোগের পর বিশিষ্ট গণিতজ্ঞ বশিষ্ঠ নারায়ণ সিং (৭৪ বছর) মারা গেলেন। আন্তর্জাতিক খ্যাতনামা মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা' ও 'ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়'এ কাজ করেছেন তিনি।



**১৫ নভেম্বর :** 'ইউরো কাপ'এর যোগ্যতা অর্জন পর্বে মন্টেনেগ্রোকে ৭-০ চূর্ণ করে এক ম্যাচ বাকি থাকতেই মূল পর্বে পৌঁছে গেল ইংল্যান্ড। লিথুয়ানিয়াকে ৬-০ ব্যবধানে উড়িয়ে মূল পর্বের দিকে আরও এক ধাপ এগোল পর্তুগাল। নায়ক ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। রোনাল্ডোর এটি ক্লাব ও দেশের হয়ে ৫৫তম হ্যাটট্রিক। এছাড়া, ইতিহাসের প্রথম ফুটবলার হিসাবে দেশ ও ক্লাবের হয়ে টানা ১৩ মরসুমে ৩০ বা, তার থেকে বেশি গোল করার কৃতিত্ব দেখিয়েছেন তিনি।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# দেশের প্রধান বিচারপতি শারদ অরবিন্দ বোবদে

২০১৯ সালের ১৮ নভেম্বর, 'রাষ্ট্রপতি ভবন'এ দেশের ৪৭ তম প্রধান বিচারপতি হিসাবে শপথ নিলেন ৬৩ বছর বয়সি শারদ অরবিন্দ বোবদে। তাঁকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু, প্রাক্তন উপরাষ্ট্রপতি হামিদ আনসারি ও দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-সহ আরও অনেকে।



- অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের জায়গায় এলেন তিনি।
- ১৭ মাস (২০২১ সালের ২৩ এপ্রিল পর্যন্ত) দেশের প্রধান বিচারপতির দায়িত্ব সামলাবেন তিনি।
- বোবদের নাম রাষ্ট্রপতির কাছে সুপারিশ করেছিলেন প্রাক্তন প্রধান বিচারপতি রঞ্জন গগৈ।
- সেই সুপারিশে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।
- তারপর আইনমন্ত্রক থেকে দেশের পরবর্তী প্রধান বিচারপতি হিসাবে তাঁর নাম বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়।
- মহারাষ্ট্র থেকে এই নিয়ে চতুর্থজন দেশের প্রধান বিচারপতির দায়িত্বভার নিলেন।
- এর আগে বিচারপতি প্রহ্লাদ গজেন্দ্রগাদকার (১৯৬৪-'৬৬), বিচারপতি মহম্মদ হিদায়েতুল্লা (১৯৬৮-'৭০) ও বিচারপতি যশবন্ত বিষ্ণু চন্দ্রচূড় (১৯৭৮-'৮৫) দেশের প্রধান বিচারপতির দায়িত্ব সামলেছেন।
- দেশের একাধিক গুরুত্বপূর্ণ মামলার সঙ্গে বোবদের নাম জড়িয়ে আছে।
- চলতি বছর ৯ নভেম্বর, 'সুপ্রিম কোর্ট'এর ৫ বিচারপতির সাংবিধানিক বেঞ্চ অযোধ্যা মামলার রায় দিয়েছেন। সেই বেঞ্চে ছিলেন বিচারপতি বোবদে।
- এছাড়াও, গোপনীয়তার অধিকার-সহ একাধিক গুরুত্বপূর্ণ মামলার রায়দানের অংশ ছিলেন তিনি।
- যৌন হেনস্তার মামলায় তাঁর পূর্বসূরী প্রধান বিচারপতি রঞ্জন গগৈকে ক্লিনচিট দেওয়া ৩ সদস্যের 'সুপ্রিম কোর্ট'এর অভ্যন্তরীণ কমিটির শীর্ষে ছিলেন তিনি।
- আধার সংক্রান্ত মামলাতেও তিনি ৩ জন বিচারপতির বেঞ্চে ছিলেন।

### একনজরে শারদ অরবিন্দ বোবদের জীবনপঞ্জী

- ১৯৫৬ সালের ২৪ এপ্রিল তাঁর জন্ম।
- তাঁর বাবা অরবিন্দ শ্রীনিবাস বোবদে ২ বার মহারাষ্ট্রের অ্যাডভোকেট জেনারেল হয়েছিলেন।
- নাগপুরের এসএফএস কলেজ থেকে স্নাতক হন। তারপর 'নাগপুর বিশ্ববিদ্যালয়'থেকে এল.এল.বি।
- ১৯৭৮ সালে মহারাষ্ট্রের বার কাউন্সিলে নথিভুক্তি।
- ১৯৯৮ সালে সিনিয়র অ্যাডভোকেট হন।
- ২০০০ সালের ২৯ মার্চ, 'বম্বে হাই কোর্ট'এর অতিরিক্ত বিচারপতি পদে নিযুক্ত হন।
- ২০১২ সালের ১৬ অক্টোবর, 'মধ্য প্রদেশ হাই কোর্ট'এর প্রধান বিচারপতির দায়িত্ব নেন।
- ২০১৩ সালের ১২ এপ্রিল 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি হন।

### একনজরে 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতিদের সম্পূর্ণ তালিকা (ব্র্যাকেটে কার্যকাল দেওয়া হল)

● **হরিলাল জেকিসুন্দাস কানিয়া** (১৯৫০ সালের ২৬ জানুয়ারি থেকে ১৯৫১ সালের ৬ নভেম্বর) ● **মান্দাকোলাথুর পতঞ্জলি শাস্ত্রী** (১৯৫১ সালের ৭ নভেম্বর থেকে ১৯৫৪ সালের ৩ জানুয়ারি) ● **মেহের চাঁদ মহাজন** (১৯৫৪ সালের ৪ জানুয়ারি থেকে ১৯৫৪ সালের ২২ ডিসেম্বর) ● **বিজন কুমার মুখার্জী** (১৯৫৪ সালের ২৩ ডিসেম্বর থেকে ১৯৫৬ সালের ৩১ জানুয়ারি) ● **সুধী রঞ্জন দাস** (১৯৫৬ সালের ১ ফেব্রুয়ারি থেকে ১৯৫৯ সালের ৩০ সেপ্টেম্বর) ● **ভুবনেশ্বর প্রসাদ সিনহা** (১৯৫৯ সালের ১ অক্টোবর থেকে ১৯৬৪ সালের ৩১ জানুয়ারি) ● **প্রহ্লাদ বালাচার্য গজেন্দ্রগাদকার** (১৯৬৪ সালের ১ ফেব্রুয়ারি থেকে ১৯৬৬ সালের ১৫ মার্চ) ● **অমল কুমার সরকার** (১৯৬৬ সালের ১৬ মার্চ থেকে ১৯৬৬ সালের ২৯ জুন) ● **কোকা সুব্বা রাও** (১৯৬৬ সালের ৩০ জুন থেকে ১৯৬৭ সালের ১১ এপ্রিল) ● **কৈলাশ নাথ ওয়াঞ্চু** (১৯৬৭ সালের ১২ এপ্রিল থেকে ১৯৬৮ সালের ২৪ ফেব্রুয়ারি) ● **মহম্মদ হিদায়াতুল্লা** (১৯৬৮ সালের ২৫ ফেব্রুয়ারি থেকে ১৯৭০ সালের ১৬ ডিসেম্বর) ● **জয়ন্তীলাল ছোটালাল শাহ** (১৯৭০ সালের ১৭ ডিসেম্বর থেকে ১৯৭১ সালের ২১ জানুয়ারি) ● **সার্ভ মিত্রা সিকরি** (১৯৭১ সালের ২২ জানুয়ারি থেকে ১৯৭৩ সালের ২৫ এপ্রিল) ● **অজিত নাথ রায়** (১৯৭৩ সালের ২৬ এপ্রিল থেকে ১৯৭৭ সালের ২৭ জানুয়ারি) ● **মির্জা হামেদুল্লা বেগ** (১৯৭৭ সালের ২৯ জানুয়ারি থেকে ১৯৭৮ সালের ২১ ফেব্রুয়ারি) ● **যশবন্ত বিষ্ণু চন্দ্রচূড়** (১৯৭৮ সালের ২২ ফেব্রুয়ারি থেকে ১৯৮৫ সালের ১১ জুলাই) ● **প্রফুল্লচন্দ্র নটবরলাল ভগবতী** (১৯৮৫ সালের ১২ জুলাই থেকে ১৯৮৬ সালের ২০ ডিসেম্বর) ● **রঘুনন্দন স্বরূপ পাঠক** (১৯৮৬ সালের ২১ ডিসেম্বর থেকে ১৯৮৯ সালের ১৮ জুন) ● **এনগালাগুপ্পে সীতারামাইয়া ভেঙ্কটারামাইয়া** (১৯৮৯ সালের ১৯ জুন থেকে ১৯৮৯ সালের ১৭ ডিসেম্বর) ● **সব্যসাচী মুখার্জী** (১৯৮৯ সালের ১৮ ডিসেম্বর থেকে ১৯৯০ সালের ২৫ সেপ্টেম্বর) ● **রঙ্গনাথ মিশ্র** (১৯৯০ সালের ২৬ সেপ্টেম্বর থেকে ১৯৯১ সালের ২৪ নভেম্বর) ● **কমল নারাইন সিং** (১৯৯১ সালের ২৫ নভেম্বর থেকে ১৯৯১ সালের ১২ ডিসেম্বর) ● **মধুকর হীরালাল কানিয়া** (১৯৯১ সালের ১৩ ডিসেম্বর থেকে ১৯৯২ সালের ১৭ নভেম্বর) ● **ললিত মোহন শর্মা** (১৯৯২ সালের ১৮ নভেম্বর থেকে ১৯৯৩ সালের ১১ ফেব্রুয়ারি) ● **মানেপাল্লি নারায়ণ রাও ভেঙ্কটাছালিয়া** (১৯৯৩ সালের ১২ ফেব্রুয়ারি থেকে ১৯৯৪ সালের ২৪ অক্টোবর) ● **আজিজ মুসাব্বের আহমদি** (১৯৯৪ সালের ২৫ অক্টোবর থেকে ১৯৯৭ সালের ২৪ মার্চ) ● **জগদীশ শরন ভার্মা** (১৯৯৭ সালের ২৫ মার্চ থেকে ১৯৯৮ সালের ১৭ জানুয়ারি) ● **মদন মোহন পুঞ্ছি** (১৯৯৮ সালের ১৮ জানুয়ারি থেকে ১৯৯৮ সালের ৯ অক্টোবর) ● **আদর্শ সেন আনন্দ** (১৯৯৮ সালের ১০ অক্টোবর থেকে ২০০১ সালের ৩১ অক্টোবর) ● **সাম পিরোজ ভারুচা** (২০০১ সালের ১ নভেম্বর থেকে ২০০২ সালের ৫ মে) ● **ভূপিন্দর নাথ কিরপাল** (২০০২ সালের ৬ মে থেকে ২০০২ সালের ৭ নভেম্বর) ● **গোপাল বল্লভ পট্টনায়েক** (২০০২ সালের ৮ নভেম্বর থেকে ২০০২ সালের ১৮ ডিসেম্বর) ● **বিশ্বেশ্বর নাথ খারে** (২০০২ সালের ১৯ ডিসেম্বর থেকে ২০০৪ সালের ১ মে) ● **এস.রাজেন্দ্র বাবু** (২০০৪ সালের ২ মে থেকে ২০০৪ সালের ৩১ মে) ● **রমেশ চন্দ্র লাহোটি** (২০০৪ সালের ১ জুন থেকে ২০০৫ সালের ৩১ অক্টোবর) ● **যোগেশ কুমার সাভারওয়াল** (২০০৫ সালের ১ নভেম্বর থেকে ২০০৭ সালের ১৩ জানুয়ারি) ● **কোনাকুপ্পাকাটিল গোপীনাথন বালাকৃষ্ণাণ** (২০০৭ সালের ১৪ জানুয়ারি থেকে ২০১০ সালের ১২ মে) ● **সরোষ হোমি কাপাডিয়া** (২০১০ সালের ১২ মে থেকে ২০১২ সালের ২৮ সেপ্টেম্বর) ● **আলতামাস কবীর** (২০১২ সালের ২৯ সেপ্টেম্বর থেকে ২০১৩ সালের ১৮ জুলাই) ● **পালানিস্বামী সাথাশিভম** (২০১৩ সালের ১৯ জুলাই থেকে ২০১৪ সালের ২৬ এপ্রিল) ● **রাজেন্দ্র মাল লোধা** (২০১৪ সালের ২৭ এপ্রিল থেকে ২০১৪ সালের ২৭ সেপ্টেম্বর) ● **হান্ডিয়ালা লক্ষ্মীনারায়ণস্বামী দাত্তু** (২০১৪ সালের ২৮ সেপ্টেম্বর থেকে ২০১৫ সালের ২ ডিসেম্বর) ● **টি.এস.ঠাকুর** (২০১৫ সালের ৩ ডিসেম্বর থেকে ২০১৭ সালের ৩ জানুয়ারি) ● **জগদীশ সিং খেহর** (২০১৭ সালের ৪ জানুয়ারি থেকে ২০১৭ সালের ২৭ আগস্ট) ● **দীপক মিশ্র** (২০১৭ সালের ২৮ আগস্ট থেকে ২০১৮ সালের ২ অক্টোবর) ● **রঞ্জন গগৈ** (২০১৮ সালের ৩ অক্টোবর থেকে ২০১৯ সালের ১৭ নভেম্বর) ● **শারদ অরবিন্দ বোবদে** (২০১৯ সালের ১৮ নভেম্বর থেকে)।




## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



□ উত্তর-পশ্চিম পাক-ই-স্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশে খনন চালিয়ে, প্রায় ৩,০০০ বছরের পুরনো সভ্যতা আবিষ্কার করলেন পাক-ই-স্তান ও ইতালির বিশেষজ্ঞরা। এই শহরের নাম দেওয়া হয়েছে 'বাজিরা'। বিশেষজ্ঞদের অনুমান, খ্রিস্টপূর্ব ৩২৬ শতাব্দীতে এই সোয়াট এলাকাতেই ঘাঁটি গেড়েছিলেন গ্রিক শাসক আলেকজান্ডার। তাঁদের অনুমান, এই জায়গাতেই পাঁচিলে ঘেরা এই বাজিরা নগরীটি গড়ে তুলেছিলেন তিনি। এছাড়াও, মাটির নীচ থেকে হিন্দু মন্দিরের ধ্বংসাবশেষও মিলেছে। রয়েছে প্রাচীন মুদ্রা, স্তূপ ও অস্ত্র। মনে করা হচ্ছে, কোনো ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের কারণে আলেকজান্ডারের এই শহর ধ্বংস হয়ে গিয়েছিল।

□ বাতাসের গুণমানের নিরিখে দিল্লি পৃথিবীর সবথেকে দূষিত শহর বলে ঘোষণা করল আবহাওয়ার পূর্বাভাস প্রদানকারী বেসরকারি সংস্থা 'স্কাইমেট'। এই রিপোর্টে পিছিয়ে নেই কলকাতা ও মুম্বইও। পৃথিবীর ১০টি দূষিত শহরের মধ্যে স্থান পেয়েছে এই ২ শহরও। কলকাতার স্থান পঞ্চমে ও মুম্বইয়ের স্থান নবমে। দ্বিতীয় স্থানে রয়েছে লাহোর।

□ শেষপর্যন্ত পদত্যাগ করতে বাধ্য হলেন কুয়েতের প্রধানমন্ত্রী শেখ জাবের মুবারক আল-সাবাহ-সহ পুরো মন্ত্রিসভা। বেশ কিছুদিন ধরে প্রতিবাদ বিক্ষোভের আগুন জ্বলছিল কুয়েতে। যার জেরে সাংসদদের সঙ্গে ক্ষমতাসীন সরকারের তীব্র বিরোধ দেখা দেয়। সাংসদদের ক্ষোভ মূলত আমির পরিচালিত সরকারের ওপর। এমতাবস্থায় পুরো মন্ত্রিসভা নিয়ে পদত্যাগ করলেন তিনি।



'এএফসি'র বর্ষসেরা মহিলা ফুটবলারের সম্মান পেলেন ভারতের আশালতা দেবী। ইম্ফলের ২৬ বছর বয়সি এই ডিফেন্ডার ভারতীয় দলের হয়েও সাম্প্রতিক সময়ে দারুণ খেলেছেন। ২০১৮-'১৯ মরসুমে 'সর্বভারতীয় ফুটবল ফেডারেশন'এর বিচারে বর্ষসেরার সম্মানও পেয়েছিলেন তিনি।

**১৬ নভেম্বর :** চাঁদের আলোয় তাজমহল দেখার স্বর্গীয় অভিজ্ঞতা পেতে, মেহতাব বাগ তাজ ভিউ পয়েন্টের উদ্বোধন করলেন উত্তর প্রদেশ সরকারের মন্ত্রী গিরিরাজ সিং ধর্মেশ। এই ভিউ পয়েন্ট থেকে তাজমহল দেখতে ভারতীয় পর্যটকদের লাগবে ২০ টাকা। এই নতুন ভিউ পয়েন্ট থেকে রাতে ও ভোরবেলায় তাজমহল দেখা যাবে।

□ তিউনিশিয়ার প্রধানমন্ত্রী পদে মনোনীত হলেন হাবিব জেমলি।

□ তিউনিশিয়ার পার্লামেন্টের স্পিকার পদে মনোনীত হলেন রাশিদ ঘানুশি।

□ ওড়িশা উপকূলে আব্দুল কালাম দ্বীপ থেকে, রাতে পরীক্ষামূলক উৎক্ষেপণ সফল হল 'অগ্নি-২' ক্ষেপণাস্ত্রের। পরমাণু অস্ত্র বহনে সক্ষম এই ক্ষেপণাস্ত্রটির পাল্লা ২,০০০ কিলোমিটার। এই প্রথম রাতে পরীক্ষামূলকভাবে উৎক্ষেপণ করা হল ক্ষেপণাস্ত্রটিকে।

□ সদ্য প্রয়াত প্রাক্তন মুখ্য নির্বাচন কমিশনার তিরুনেল্লাই নারায়ণ আইয়ার শেষনের নামে একটি সাম্মানিক চেয়ার তৈরি করার সিদ্ধান্ত নিল নির্বাচন কমিশন। দিল্লিতে, 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্র্যাসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট'এর সেন্টার ফর কারিকুলাম ডেভেলপমেন্ট শাখায় এই চেয়ারটি তৈরি করা হবে। আগামী বছর থেকে চালু হতে চলা এই চেয়ারের মেন্টর হবেন প্রাক্তন মুখ্য নির্বাচন কমিশনার এন.গোপালস্বামী।

□ জ্ঞানচর্চায় অবদানের জন্য, ভাষাবিদ ও প্রাবন্ধিক চিন্ময় গুহকে ফ্রান্সের বিশেষ সম্মান 'লর্দ নাসিওনাল দু মেরিত' দিলেন সে দেশের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো। এর আগে ২০১০ সালে ও ২০১৩ সালে ফরাসি শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রক থেকে তাঁকে তাদের সর্বোচ্চ সম্মান দেওয়া হয়।




ঋণ জর্জরিত 'রিলায়েন্স কমিউনিকেশন'এর ডিরেক্টর পদ থেকে ইস্তফা দিলেন অনিল আম্বানি। ঋণের ভারে জর্জরিত 'রিলায়েন্স কমিউনিকেশন' চলতি বছরের শুরুতে সংস্থাকে দেউলিয়া ঘোষণা করেছিল। অনিল আম্বানি ছাড়াও আরও ৪ জন ডিরেক্টর পদত্যাগ করেছেন। এঁরা হলেন — ছায়া বিরানি, রিনা কারানি, মঞ্জরী কাক্কের ও সুরেশ রাঙ্গাচার।

□ অর্থনৈতিক সংস্থা 'ব্লুমবার্গ'এর কোটিপতিদের তালিকায় শীর্ষস্থান পেলেন 'মাইক্রোসফট'এর সহ-প্রতিষ্ঠাতা বিল গেটস। তাঁর সম্পত্তি ৮ লাখ কোটি টাকা।

□ অঙ্গদান প্রচারের জন্য, সুরজের নামে বার্ষিক পুরস্কার চালু করলেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। গঞ্জাম জেলার বাসিন্দা সুরজ ২৯ অক্টোবর একটি মারাত্মক সড়ক দুর্ঘটনার কবলে পড়েন। ২ নভেম্বর, চিকিৎসকরা তাঁকে ব্রেন ডেড বলে ঘোষণা করেন। এরপর অন্যের জীবন বাঁচাতে, তাঁর বাবা-মা সুরজের অঙ্গদান করার সিদ্ধান্ত নেন। তাই তাঁর নামে 'সুরজ পুরস্কার' চালু হল।

□ দুর্নীতির সঙ্গে আপোস করতে না পেরে দিল্লি ও ডিস্ট্রিক্ট ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর (DDCA) সভাপতির পদ থেকে ইস্তফা দিলেন রজত শর্মা। প্রায় ২০ মাস ধরে 'ডি.ডি.সি.এ'এর প্রেসিডেন্ট পদে ছিলেন তিনি।

**১৭ নভেম্বর :** নিউমোনিয়ার কারণে শিশুমৃত্যুর হার কমাতে, 'সোশ্যাল অ্যাওয়ারনেস অ্যান্ড অ্যাকশন টু নিউট্রালাইজ নিউমোনিয়া সাকসেসফুলি' (SAANS) ক্যাম্পেন চালু করল কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক। গুজরাতে, ষষ্ঠ 'ন্যাশনাল সামিট অন গুড, রেপ্লিকেবল প্র্যাকটিসেস অ্যান্ড ইনোভেশনস'এ কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী হর্ষ বর্ধন এই ক্যাম্পেন চালু করেছেন।

□ কৃষকদের জন্য, 'রায়তু মিত্র' মোবাইল অ্যাপস চালু করল তেলেঙ্গানা অর্থমন্ত্রী টি.হরিশ রাও ও কৃষিমন্ত্রী সিঙ্গিরেড্ডি নিরঞ্জন রেড্ডি।

□ ২০২০ সালের ফেব্রুয়ারিতে 'জাতীয় বিশ্ববিদ্যালয় গেমস'এর আসর বসতে চলেছে 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং'এর (কিট) ক্যাম্পাসে। কেন্দ্রীয় সরকারের 'খেলো ইন্ডিয়া' প্রকল্পের অধীনে এই খেলাধুলার প্রতিযোগিতা হতে চলেছে।

□ 'ইন্টারন্যাশনাল টেবল টেনিস ফেডারেশন' চ্যালেঞ্জ ইন্দোনেশিয়া ওপন টেবল টেনিস টুর্নামেন্টে খেতাব জিতলেন ভারতের হরমিত দেশাই।

□ ইন্দোনেশিয়ার অ্যান্থনি গিনটিংকে ১৬-২১, ২১-১০ ও ২২-২০ ব্যবধানে হারিয়ে, 'হংকং ব্যাডমিন্টন ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন লি চেউক ইয়ু।

**১৮ নভেম্বর :** উত্তর প্রদেশে, উত্তর ভারতের প্রথম চিনি মিল উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, যা আখ থেকে সরাসরি ইথানল তৈরি করবে। গোরক্ষপুরের পিপরাইচ এলাকায় এটি চালু হয়েছে।



শ্রীলঙ্কার সপ্তম প্রেসিডেন্ট পদে শপথ নিলেন গোটাবায়া রাজাপক্ষে।

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

□ 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' (GI) ট্যাগ পেল দার্জিলিংয়ের সবুজ ও সাদা চা। দার্জিলিংয়ের এই ২ প্রকার চা 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশনস অফ গুডস (রেজিস্ট্রেশন অ্যান্ড প্রোডাকশন) অ্যাক্ট ১৯৯৯'এ নথিভুক্ত হয়েছে। ২০১৯ সালের অক্টোবর থেকে এটি কার্যকরী হয়েছে।

□ 'বাসমতী' চালকে টেক্কা দিয়ে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুলে ফেলল বাংলার 'গোবিন্দভোগ' চাল। রেকর্ডের জন্য একটি প্যাকেটে ৬০০ কেজি গোবিন্দভোগ চাল ভরা হয়। এতদিন পর্যন্ত একটি প্যাকেটে ৫৫০ কেজি বাসমতী চাল ভরার রেকর্ড ছিল। পাট ও প্লাস্টিকের তৈরি এই প্যাকেটের উচ্চতা ৮ ফুট ও চওড়ায় ৪ ফুট। কলকাতায় এই রেকর্ড গড়েছে 'রাইস ভিলা ব্র্যান্ড'।

□ অস্ট্রিয়ার ডমিনিক থিয়েমকে ৬-৭ (৬-৮), ৬-২ ও ৭-৬ (৭-৪) ব্যবধানে হারিয়ে, 'এটিপি ট্যুর ফাইনালস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন গ্রিসের স্তেফানোস সিৎসিপাস।




মেক্সিকোকে ২-১ গোলে হারিয়ে, দেশের মাটিতে 'অনূর্ধ্ব-১৭ ফুটবল বিশ্বকাপ'এ চ্যাম্পিয়ন হল ব্রাজিল। এই নিয়ে চতুর্থবার চ্যাম্পিয়ন হল তারা।

□ ৬৩তম 'জাতীয় শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ শটগান বিভাগের মহিলা ট্র্যাপ বিভাগে চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেলেন ভারতের শ্রেয়সী সিং। তিনি বিহারের হয়ে এই প্রতিযোগিতায় প্রতিনিধিত্ব করেছেন।

☞এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় সফল হলে কোন কোন পদে চাকরি পাওয়া যায়? — আজহারউদ্দিন সর্দার, গোরাইনগর, দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা। সঞ্জীব কান্তি রায়, কল্যাণী সীমান্ত, নদিয়া। প্রদীপ মন্ডল, সুভাষপল্লী, শিলিগুড়ি। শুভজিৎ কর্মকার, মীরা কদমতলা পাড়া, নদিয়া। চিরঞ্জিৎ সাহা, ডিহিকোপা, বীরভূম। সাগর সাহা, বড় আটিয়াবাড়ি, কোচবিহার।*

■■ এখনো ক্লার্কশিপ পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে এবার এই ক্লার্কশিপ পরীক্ষা পি.এস.সি. নেবে না, স্টাফ সিলেকশন কমিশন নেবে, সে বিষয়ে এখনো চূড়ান্ত কিছু ঠিক হয়নি। পি.এস.সি.'র এক মুখপাত্র জানান, লোয়ার ডিভিশন ক্লার্ক হলে পি.এস.সি. পোস্ট। তাছাড়া শেষবার যে ক্লার্কশিপ পরীক্ষা হয়েছিল, সেটি পি.এস.সি. নিয়েছিল। তাই এবারও আশা করা হচ্ছে, এটি পি.এস.সি. নেবে। তবে এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। অন্যদিকে, এবার যে ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছিল, সেটি ছিল মূলত সেক্রেটারিয়েট দফতরে। চাকরি হবে সেক্রেটারিয়েট দফতর বা, নবান্নতে।

■ *ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। এই পরীক্ষা গত কয়েক বছর হয়নি। তাই এই পরীক্ষার সম্ভাব্য প্রশ্ন দিলে ভালো হয়। — কৌশিক পাল, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা - ৬৫। পার্থ দাস, হুগলি। মনিশঙ্কর বিশ্বাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ এই পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তবে ডিসেম্বরের শেষে না হলে জানুয়ারিতে হবে। ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল স্টাডিজের ৭৫টি প্রশ্ন, (সায়েন্স, হিউম্যানিটিজ, ইন্ডাস্ট্রিয়াল সেন্স ও ইন্ডাস্ট্রিয়াল প্রোটেনশিয়াল), (খ) মেন্টাল এবিলিটি ও অ্যারিথমেটিকের ২৫টি প্রশ্ন (মাধ্যমিক মানের)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। এই পদের সম্ভাব্য প্রশ্ন 'সাফল্য' পত্রিকায় দেওয়া হবে।

## রেলে চাকরির

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের পরীক্ষায় কী কী বিষয় থাকে? — শেবাল দাস, সহজপুর, রায়না, পূর্ব বর্ধমান।*

■■ এই দুই পদের বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে। এই দুই পদের বেলায় প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে। প্রথম ধাপের অনলাইন পরীক্ষায় ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) জেনারেল সায়েন্স। সময় থাকবে ১ ঘন্টা। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। সময় ৯০ মিনিট। দ্বিতীয় পার্টে ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ওপর। সময় ৬০ মিনিট।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছিল, তার পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — বিষ্ণুসিংহ রায়, সোনাপুর, আলিপুরদুয়ার।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল স্টাডিজ- ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন ও বুকের ছাতি দেখা হবে। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড়। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক -১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘন্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘন্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘন্টা। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

■ *জেল পুলিশের ওয়ার্ডার পদের যে পরীক্ষা হল, তার ফল কবে বেরোবে? — সৌরভ ঘোষ, দিগনগর, নদিয়া। শুভমকুমার দাস, মনোরঞ্জনপল্লী, কালিকাপুর, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল বেরোতে দেরি আছে। ফল বেরোলে যথাসময়ে কর্মসংস্থানে দেওয়া হবে।

## স্কুল সার্ভিসের

■ *এন.এস.ও.ইউ. থেকে মাস্টার ডিগ্রি আর ডব্লু.বি.ইউ.টি.টি.ই.পি.এ. থেকে বি.এড. করলে স্কুল সার্ভিসের পরীক্ষায় কোনো অসুবিধা হবে কি? — নিতাই মন্ডল, কান্দি, মোহনবাগান।*

■■ না, অসুবিধা হবেনা।

■ *পিওর সায়েন্সে গ্র্যাজুয়েট হয়েছি। বি.এড. পাশ করেছি। তারপর এন.এস.ও.ইউ. থেকে এডুকেশনের এম.এ. করেছি। স্কুল সার্ভিসে এডুকেশন বিষয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণির জন্য যোগ্য কি? — রিচু নন্দী, মেদিনীপুর।*

■■ হ্যাঁ, যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যেকোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন।

## অন্যান্য চাকরির

■ *পোস্টাল অ্যাসিস্ট্যান্ট পদের যে বিজ্ঞপ্তি গত বছর বেরিয়েছিল, তার পরীক্ষা কবে হবে? — নারায়ণ ঘোষ, তামালতলা রোড, নবদ্বীপ, নদিয়া।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *মালদহ জেলায় গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি পদের পরীক্ষায় কী কী বিষয়ের প্রশ্ন হবে? পরীক্ষা কবে হবে? সায়ন্তন ঘোষ, কসবা, পানরুই, বীরভূম।*

■■ পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। পরীক্ষার তারিখ ঠিক হলে ওয়েবসাইটে জানতে পারবেন। গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি পদের বেলায় প্রথমে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ইংলিশ - ২৫ নম্বর, (২) বাংলা - ২৫ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ২৫ নম্বর, (৪) জেনারেল নলেজ - ১০ নম্বর। সফল হলে ১০ নম্বরের ভাইভা টেস্ট।

■ *পি.ডব্লু.ডি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার আর পি.এস.সি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? পি.এস.সি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার পদের জন্য কেমন যোগ্যতা লাগে? গণেশ চক্রবর্তী, বিরাটি, উত্তর ২৪ পরগনা। — সৌরভ বিট, বিষ্ণুপুর, বাঁকুড়া। নবকুমার বাড়ুই, পূর্ব মেদিনীপুর।*

■■ পি.ডব্লু.ডি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার পদের বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো খবর নেই। তবে পি.এস.সি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার পদের বিজ্ঞপ্তি বেরোবে। সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা 'জেনারেল কাস্টে'র প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

■ *পশ্চিমবঙ্গ সরকারের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — দেবজ্যোতি দত্ত, মধ্য মোহনবাটি, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে।

## কোর্স ও ট্রেনিং

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এম.এ. পাশ করেছি ৫২% নম্বর নিয়ে। জেনারেল প্রার্থী হিসাবে বি.এড. করতে পারব কি? — সাগর সাহা, বড় আটিয়াবাড়ি, দিনহাটা, কোচবিহার।*

■■ হ্যাঁ, পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কেন্দ্রীয় সংস্থায় এক্সামিনার | আইনের গ্র্যাজুয়েট | ৬৫ | ২৮-১১-১৯ | www.upsconline.nic.in |
| নেভিতে নাবিক | মাধ্যমিক পাশ | ৪০০ | ২৮-১১-১৯ | www.joinindiannavy.gov.in |
| ইসরোতে টেকনিশিয়ান | মাধ্যমিক ও আই.টি.আই পাশ | ৭৯ | ২৯-১১-১৯ | www.shar.gov.in |
| আগরতলার এন.আই.টি.-এ টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ৮০ | ২৯-১১-১৯ | www.nita.ac.in |
| ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি বা, ডিপ্লোমা | ৩৭ | ২৯-১১-১৯ | www.iocrefrecruit.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক বা, আই.টি.আই. | ৪,৮০৫ | ডিসেম্বর মাস নাগাদ | www.ofb.gov.in |
| নৌবাহিনীতে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. পাশ | ১৪৫ | ১-১২-১৯ | www.apprenticeship.gov.in |
| হিন্দুস্তান কপারে অ্যাপ্রেন্টিস | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ৪৫ | ১-১২-১৯ | www.hindustancopper.com |
| সেনাবাহিনীর হাসপাতালে নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি | উচ্চমাধ্যমিক পাশ | ২২০ | ২-১২-১৯ | www.joinindianarmy.nic.in |
| উত্তর পশ্চিম রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ২,০২৯ | ৮-১২-১৯ | www.rrcjaipur.in |
| দক্ষিণ-মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৪,১০৩ | ৮-১২-১৯ | www.scr.indianrailways.gov.in |
| বাঁকুড়া জেলা আদালতে ক্লার্ক, গ্রুপ-ডি | ক্লাস এইট, মাধ্যমিক | ১৯ | ১০-১২-১৯ | www.districts.ecourts.gov.in/bankura |
| হিন্দুস্তান কপারে টেকনিশিয়ান, অপারেটর | মাধ্যমিক ও আই.টি.আই | ৪৭ | ১৬-১২-১৯ | www.hindustancopper.org |
| সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনে অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্ট্যান্ট, স্টেনো | উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ৩০৮ | ১৬-১২-১৯ | www.cbse.nic.in |
| সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চে ক্লার্ক | উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ৭৩ | ১৯-১২-১৯ | www.ccras.nic.in, ayush.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ১৪৭ | ১৯-১২-১৯ | www.joinindiannavy.gov.in |
| নেভিতে বি.টেক. কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক পাশ | ৩৭২ | ১৯-১২-১৯ | www.joinindiannavy.gov.in |
| এইমস-এ নার্স | নার্সিংয়ের বি.এসসি. | ৩৭২ | ২৪-১২-১৯ | www.aiimsrishikesh.edu.in |

## আবগারি দফতরের সাব-ইন্সপেক্টর পদের মেন পরীক্ষার ফল বেরোল

পশ্চিমবঙ্গ আবগারি দফতরের ২০১৮ সালের সাব-ইন্সপেক্টর ও লেডি সাব-ইন্সপেক্টর পদের যে ফাইনাল পরীক্ষা হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : **www.wbpolice.gov.in, www.excise.wb.gov.in** সফলদের এরপর পার্সোন্যালিটি টেস্ট হবে। কবে কোথায় পার্সোন্যালিটি টেস্ট হবে তা ওয়েবসাইটে জানতে পারবেন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: **karmajiggasa@gmail.com** ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
.............................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মেশিনের মাধ্যমে কম খরচে খাতা তৈরির ব্যবসা

ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** স্কুল-কলেজেও ছাত্রছাত্রীদের লেখাপড়ার জন্য সারা বছর খাতার চাহিদা থাকে। ফলে খাতার বাজার নিয়ে কোনো সমস্যা নেই। বাজারে বিভিন্ন ধরনের খাতা রয়েছে কিন্তু চাহিদা বেশি এই ৪ ধরনের খাতার — এক্সারসাইজ, প্র্যাক্টিক্যাল, ড্রয়িং ও গ্রাফ খাতা। এছাড়া হিসাবের জন্য রয়েছে লেজার বুক। তবে লেখার জন্য বেশি ব্যবহার হয় এক্সারসাইজ খাতার। এই ধরনের খাতার মাপ হয় সাধারণত ১১ ইঞ্চি বা সাড়ে ১১ ইঞ্চি। কিংবা ৮ ইঞ্চি বা সাড়ে ৮ ইঞ্চি।

**তৈরির উপাদান :** খাতা তৈরির জন্য বিভিন্ন উপাদানের মধ্যে লাগে — কাগজ, বোর্ড, সুতো, পিন, আঠা। খাতার প্রকৃতি অনুযায়ী কাগজ দরকার হয়। সাধারণ এক্সারসাইজ খাতার জন্য সাধারণমানের কাগজের পাশাপাশি নিউজপ্রিন্ট ব্যবহার করতে পারেন। আবার ব্যবহারিক খাতা ও আঁকার খাতার জন্য ব্যবহার করতে হবে উন্নত ও দামি কাগজ।

**কোথায় পাবেন :** সব ধরনের কাগজ পাওয়া যায় কলকাতার বৈঠকখানার কাগজপট্টি ও রাজাবাজার অঞ্চলে।

**মেশিনারি :** খাতা তৈরির জন্য লাগবে এই ৩টি মেশিন- কাটিং মেশিন, স্টিচিং মেশিন ও রুলিং মেশিন। পেপার কাটিং মেশিনের জন্য লাগবে ১ থেকে ২ হর্সপাওয়ার মোটর ও ২২০ ভোল্টের বিদ্যুৎ।

**কোথায় পাবেন :** যাবতীয় মেশিন পাবেন এই ঠিকানায় — ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিজ, ৬১, গণেশ চন্দ্র অভিনিউ, কলকাতা ৭০০১৩।

**কীভাবে তৈরি করবেন :** যে মাপের খাতা তৈরি করতে চান, সেই অনুযায়ী কাটিং মেশিন দিয়ে কাগজ কেটে নিতে হবে। এরপর সুতো বা পিন দিয়ে স্টিচিং মেশিনের মাধ্যমে সেলাই করতে হবে। শেষে ফাইনাল কাটিং। খাতা তৈরির পর খাতার কাগজগুলো ফুলে থাকলে একটা হার্ডপ্রেসে অনেকগুলো খাতা পরপর সাজিয়ে চেপে রেখে দিতে হবে। এভাবে ২ থেকে ৩ ঘন্টা রাখলে সব খাতা সমান হয়ে যাবে। খাতায় হার্ড কভার করতে হলে বাইন্ডিংখানায় বাঁধাই করতে হবে। লাইন টানা খাতা বা লেজার বুক তৈরি করতে চাইলে রুলিং মেশিনের দরকার হয়। রুলিং মেশিনের মাধ্যমে সাদা পাতায় দরকারমতো লাইন টেনে নিতে হবে। পৃষ্ঠা নম্বর বসানোর জন্য বা সিরিয়াল নম্বর লেখার জন্য দরকার হবে কাউন্টিং মেশিনের। বিভিন্ন ডিজাইন, রং ও মাপের মলাট বাজারে কিনতে পাওয়া যায়।

**বিপণন পদ্ধতি :** খাতার বাজার সারা বছর থাকলেও ভরা মরসুম মার্চ-এপ্রিল মাস। খাতা তৈরি করে সরবরাহ করতে পারেন কলকাতার বড়বাজার, কলেজ স্ট্রিট অঞ্চল ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে।

**বিনিয়োগ :** কমপক্ষে ১ লাখ টাকা থেকে ২ লাখ টাকার পুঁজি নিয়ে ব্যবসা শুরু করতে পারেন।

# এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্সে ৮৬ নার্স

রাজ্য সরকারের এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স (এম.বি.) স্কিম 'গ্রেড-।। নার্স (স্টাফ নার্স)' পদে ৮৬ জন মেয়ে নিচ্ছে। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল বা, ভারতীয় নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ৮৬টি (জেনাঃ ৪৩, ও.বি.সি. এ ক্যাটেগরি ৯, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৬, তফঃজাঃ ২০, তফঃউঃজাঃ ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৩। প্রার্থী বাছাই হবে জি.এন.এম. কোর্সে পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান পাবেন নিচের বয়ানে। এছাড়াও বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.esiwb.gov.in তখন সঙ্গে দেবেন নিচের এইসব প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল : (১) জন্ম-তারিখ, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতার মার্কশীট ও সার্টিফিকেট, (২) তপশিলী, ও.বি.সি'রা দেবেন কাস্ট সার্টিফিকেট, (৩) প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা দেবেন যোগ্য কর্তৃপক্ষের দেওয়া সার্টিফিকেট, (৪) নার্সিং রেজিস্ট্রেশনের সার্টিফিকেট, (৫) বাসিন্দা সার্টিফিকেট। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of ..............'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পীড পোস্টে। পৌঁছনো চাই ৯ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Director, Directorate of ESI (MB) Scheme, WB, 2nf Floor, Wing B, Plot VI, G B Block, Sector III, Salt Lake, Kolkata 97.

Application as per following proforma are to be submitted to the DIRECTOR, ESI (MB) Scheme, West Bengal, Wing B, Plot VI, GB Block, 2nd Floor, Sector III, Salt Lake, Kolkata - 700097
(No application will be entertained if any column of the Application Form is left blank)

FOR OFFICE USE ONLY ➡

| Reference No. | Category | Date & time of Interview |
|---|---|---|
| | | |

**Proforma for Application**

To
The DIRECTOR, ESI (MB) Scheme, West Bengal, Wing B, Plot VI, GB Block, 2nd Floor, Sector III, Salt Lake, Kolkata - 700097

Affix recent Passport size self attested Photograph

Sir,
I am submitting the application for my appointment as Grade - II Nurse (designated as Staff Nurse) in terms of Advertisement published in the local dailies. Necessary information's alongwith self attested copies of documents are enclosed.

1. Name (in Block letter) : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐
2. Father's / Husband's name : ____________
3. Address for correspondence : ____________
(in Block letter)
4. Permanent address with PIN Code : ____________
(in Block letter)
5. Phone No. : Residence : ______ Mobile : ______
6. Date of Birth : D D M M Y Y Y Y
7. Age as on 01.01.2019 Y Y M M D D
8. Professional qualification - Details of GNM Training Course passed (for higher qualification please add extra sheet) :

| Name and address of the Training Institution | Year of Passing | Marks obtained in each year with full marks | | Total marks obtained in three years | Percentage of marks |
|---|---|---|---|---|---|
| | | Marks obtained | Full marks | | |
| | | 1st | | | |
| | | 2nd | | | |
| | | 3rd | | | |

9. Educational Qualification

| Name and address of the Educational Institution | Name of the Council/ Board | Year of Passing | Total Marks (aggregate) | Division | Total marks in compulsory subject | Percentage of marks in compulsory subject |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

10. Whether belongs to SC / ST / BC : Yes / No. ________
If Yes specify with sub-caste : ________
11. Whether physically handicapped : Yes / No. ________
If Yes specify with % of disability : ________
12. Whether married / unmarried / widow / divorcee : ________
13. Registration Number from West Bengal Nursing Council : ________
14. Any other qualification : ________
15. Experience in the field of Nursing, if any :

| Designation of post hold or description of work | Period | | Full address of the office, firm or institution and reasons for leaving previous service |
|---|---|---|---|
| | From | To | |
| | | | |

I hereby declare that the information furnished above are true to the best of my knowledge and belief and I shall be held liable for prosecution as law prescribes if they are found to be wrong.

Yours faithfully

Date : ________ (Signature of the candidate)

# মেট্রো রেলে ১২৩

১ পাতার পর

ফিটার - ৭৬টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ২১, তফঃজাঃ ১১, তফঃউঃজাঃ ৬, প্রতিবন্ধী ৩, প্রাঃসঃকঃ ৬)। ইলেক্ট্রিশিয়ান- ২৩টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৬, তফঃজাঃ ৩, তফঃউঃজাঃ ২)। মেশিনিস্ট- ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তফঃজাঃ ১, তফঃউঃজাঃ ১)। ওয়েল্ডার - ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তফঃজাঃ ১, তফঃউঃজাঃ১)। প্লাম্বার- ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তফঃজাঃ ১, তফঃউঃজাঃ১)।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। বিজ্ঞপ্তি নং : 01/2020/ Metro Railway, Dated : 24.11.2019.

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন সাধারণ 'A-4' মাপের কাগজে, নিচের বয়ান ও কল লেটারের বয়ান আলাদা কাগজে টাইপিং করার পর নিজে হাতে বল পয়েন্ট পেনে পূরণ করে। এছাড়া দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mtp.indianrailways.gov.in তখন সঙ্গে দেবেন : (১) মাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (২) আই.টি.আই. পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) তপশিলী, ও.বি.সি.'রা দেবেন কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) প্রাক্তন সমরকর্মীদের বেলায় ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৬) প্রতিবন্ধীরা দেবেন যথাবিহীত সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৭) নিজের নাম-ঠিকানা লেখা ১০×৫ ইঞ্চি মাপের ২টি খাম, (৮) এখনকার তোলা ও নিজের আড়াআড়ি সই করা আর গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে) আর এক কপি পাশপোর্ট মাপের ফটোতে গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা (কল লেটারের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (৯) ১০০ টাকার ক্রসড পোস্টাল অর্ডার। 'PFA & CAO, Metro Railway, Kolkata'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'G.P.O./ Kolkata'. তপশিলী, সংখ্যালঘু, মহিলা, প্রতিবন্ধী বা, আর্থিকভাবে পিছিয়ে পড়াদের ফী লাগবে না। দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সই করবেন ও দরখাস্তের নির্দিষ্ট জায়গায় ছাপার কালো কালিতে বুড়ো আঙুলের ছাপ দেবেন (অন্য কোনো কালিতে ছাপ দিলে দরখাস্ত বাতিল হবে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for Metro Railway against Notice No 01/2020/Metro Railway / Dated 24/11/2019 for engagement of Act Apprentices'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পূরণ-করা দরখাস্ত পৌঁছনো চাই ২৩ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Senior Personnel Officer, Metro Railway, Metro Rail Bhavan, 33/1, J.L. Nehru Road, Kolkata- 71. এছাড়াও পূরণ-করা দরখাস্ত জমা দিতে পারবেন সরাসরি হাতে-হাতে বেলা ১০টা থেকে ৬টার মধ্যে নির্দিষ্ট বক্সে। দরখাস্তের বয়ান :

**Application Format**

To
The Dy. Chief Personnel Officer,
Metro Railway,
Metro Rail Bhavan,
33/1, J.L. Nehru Road,
Kolkata - 700071

Affix a recent passport size photograph signed by the candidate (attested by Gazetted Officer)

UR/SC/ST/OBC/PH/ Ex-Servicemen
(please tick as applicable)

Application for engagement of trade apprentices under Apprenticeship Act 1961 and Apprenticeship Rules, 1962, in reference to the Engagement Notice No. 01/2020, Metro Railway, Kolkata dated : 24.11.2019.

**FOR OFFICE USE ONLY**

Serial No. : ............. Trade desired ......................
Roll No. : ................ Accepted / rejected ..............
(in Block Letters)
(To be filled in by the candidate in his / her own handwriting)
Trade applied for ..................

1. Name in Full (In Block letters) : ..................
2. Father's Name (In Block letters) & Occupation : ..................
3. Nationality : ..................
4. Religion : ..................
5. Date of birth (In Christian Era) : ..................
In words (To be supported by documents duly attested)
6. Age as on 01.01.2020 : ..................
7. Nearest Railway station (according to present address) : ..................
8. Present Address & Contact No. for communication : ..................
(In Block letters)
8A. Mail Id : ..................
9. Whether belongs to SC / ST / OBC / PH : ..................
If yes, then (a) Community / Sub-caste : ..................
(b) Caste Certificate issued by : ..................
(To be supported by documents duly attested)
10. Educational / Technical Qualification
(To be supported by documents duly attested)

| Sl No. | Examination passed | Educational Authority Board / University | Year of Passing | Percentage of marks |
|---|---|---|---|---|
| | | | | |

10. Name of Employment Exchange : ..................
Registration No. & Date : ..................
12. Two personal marks of Identification : (a)........(b).......
13.

| No. of IPO | Date | Value | Name of Issuing Post Office |
|---|---|---|---|
| | | | |

14. No. of Enclosures :
15. Declaration : i) I do hereby declare that all statement as mentioned in this application are true complete and correct to the best of my knowledge and belief. (ii) I understand that in the event of any particular or information given above being found false or incorrect, my candidature will be liable to be rejected. (iii) Also understand fully that the obligation under the Apprenticeship Act, 1961, on the part of Railways is to provide me with training only in the alloted trades and not to absorb / provides with employment in the railways on completion of my training and thus have no claim for employment as such.

L.T.I. of candidate ..............
(only in black printer's ink)
Place :
Date : Signature of the Candidate in full

**CALL LETTER**

**ENGAGEMENT OF TRADE APPRENTICE TRAINING**

Engagement Notice No. 1/2020/Metro Railway, Kolkata dt : 24.11.2019
(To be filled by the applicant in his / her own handwriting)

Affix a recent passport size photograph

Name of the Candidate : ...................
(In Block Letters)
Father's Name : ...................
Address of Communication : ...................
With PS, PIN Code & Nearest Railway Station & Contact No.
..................................
(to be filled by the office)
Roll No. : ...................
You are directed to appear for verification of your original testimonials and physical fitness at the venue, date and time specified below.
Venue : ...................
Date : ...................
Time : ...................

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad